যাহারা দেহ ও মনের সুখের জন্য ধর্ম্মের মর্য্যাদা লঙ্ঘন করিবে, তুমি ন্যায় অনুসারে দণ্ড দান করিয়া ধর্ম্মানুসারে তাহাদিগকে রক্ষা করিবে; কিন্তু ইচ্ছানুসারে নহে ॥৭০॥

---

(৭১)· হিরণ্যবহুলস্তথা—বঙ্গ।

অসেরেতানি রূপাণি দুর্ব্বারানীতি নির্দ্দিশেৎ।
অসেরেবং প্রমাণানি পরিপাল্য ব্যতিক্রমাৎ ॥৭২॥
অভিষিচ্যাথ পুত্রং স্বয়ং প্রজানামধিপং ততঃ।
মনুঃ প্রজানাং রক্ষার্থং ক্ষুপায় প্রদদাবসিম্ ॥৭৩॥
ক্ষুপাজ্জগ্রাহ চেক্ষ্বাকুরিক্ষ্বাকোশ্চ পুরূরবাঃ।
আয়ুশ্চ তস্মাল্লেভে তং নহুষশ্চ ততো ভুবি ॥৭৪॥
যযাতির্নহুষাচ্চাপি পূরুস্তস্মাচ্চ লব্ধবান্।
অমূর্ত্তরয়সস্তস্মাত্ততো ভূমিশয়ো নৃপঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

অসেরিতি। এতানি বাগ্দণ্ডাদীনি অসে রূপাণি দুর্ব্বলানাং দুর্ব্বারাণি ইতি নির্দ্দিশেৎ প্রজাসু খ্যাপয়েৎ। রাজ্ঞা পরিপাল্যানাং জনানাং ব্যতিক্রমাৎ ধর্ম্মলঙ্ঘনাৎ এবং চতুর্ব্বিধানি দণ্ডানি অসেঃ প্রমাণানি সর্ব্বপ্রমাণতয়া প্রযোজ্যানি ॥৭২॥

অভীতি। ক্ষুপায় তদাখ্যায় পুত্রায় ॥৭৩॥

ক্ষুপাদিতি। আয়ুর্নাম কোঽপি রাজা ॥৭৪॥

যযাতিরিতি। অমূর্ত্তরয়সো ভূমিশয়শ্চ নাম রাজানৌ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

পার্শ্বয়োরগ্রে চ তীক্ষ্ণধাররূপাণি পরবিদারকাণি যস্মিন্ ॥৫১—৬৮॥ স্থূলসূক্ষ্মাত্মকারণাৎ স্থূল আত্মা শরীরং সূক্ষ্ম আত্মা মনঃ তয়োঃ প্রীণনার্থম্ ॥৬৯—৭০॥ দুর্ব্বারাদীনীত্যত্র দুর্ব্বাচাদীনিতি সাধীয়ান্ পাঠঃ ॥৭১—৮৯॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

কটুবাক্যদ্বারা দমন করার নাম—বাগ্দণ্ড, ধনক্ষয় করার নাম—অর্থদণ্ড, শরীরের কোন অঙ্গচ্ছেদনের নাম—কায়দণ্ড এবং গুরুতর অপরাধে বধকরার নাম—প্রাণদণ্ড ॥৭১॥

মনু! 'তরবারিসম্পাদিত এই চতুর্ব্বিধ দণ্ডই দুর্ব্বলের পক্ষে দুর্নিবারণীয়' তুমি এই কথা প্রজাদের মধ্যে ঘোষণা করিয়া দিবে এবং প্রজাদের মধ্যে ধর্ম্মলঙ্ঘন উপস্থিত হইলে, তরবারিসাধ্য এই সকল দণ্ড প্রয়োগ করিবে' ॥৭২॥

তাহার পর মনু আপন পুত্র ক্ষুপকে প্রজাবর্গের অধিপতিরূপে অভিষিক্ত করিয়া তাহাদের রক্ষার জন্য ক্ষুপকে সেই তরবারি দান করিলেন ॥৭৩॥

ক্ষুপ হইতে ইক্ষ্বাকু, ইক্ষ্বাকু হইতে পুরূরবা, পুরূরবা হইতে আয়ু এবং আয়ু হইতে নহুষ পৃথিবীতে সেই তরবারি লাভ করিয়াছিলেন ॥৭৪॥

(৭২) দুর্ব্বারাদীনি নির্দ্দিশেৎ—বঙ্গ।

ভরতশ্চাপি দৌষ্মন্তির্লেভে ভূমিশয়াদসিম্।
তস্মাল্লেভে চ ধর্ম্মজ্ঞো রাজন্নৈলবিলস্তথা ॥৭৬॥
ততস্ত্বৈলবিলাল্লেভে ধুন্ধুমারো নরেশ্বরঃ।
ধুন্ধুমারাচ্চ কাম্বোজো মুচুকুন্দস্ততোঽলভৎ ॥৭৭॥
মুচুকুন্দান্মরুত্তশ্চ মরুত্তাদপি রৈবতঃ।
রৈবতাদযুবনাশ্বশ্চ যুবনাশ্বাত্ততো রঘুঃ ॥৭৮॥
ইক্ষ্বাকুবংশজস্তস্মাদ্ধরিণাশ্বঃ প্রতাপবান্।
হরিণাশ্বাদসিং লেভে শুনকঃ শুনকাদপি।
উশীনরো বৈ ধর্ম্মাত্মা তস্মাদ্ভোজঃ সযাদবঃ ॥৭৯॥
যদুভ্যশ্চ শিবির্লেভে শিবেশ্চাপি প্রতর্দ্দনঃ।
প্রতর্দ্দনাদষ্টকশ্চ পৃষদশ্বোঽষ্টকাদপি ॥৮০॥

ভাবতকৌমুদী

ভবত ইতি। দৌষ্মন্তির্দুষ্মন্তপুত্রঃ। হে রাজন্! ক্ষত্রিয়! ঐলবিলো নাম রাজা ॥৭৬॥
তত ইতি। কাম্বোজোঽপি তদ্দেশীয়ো রাজা ॥৭৭॥
মুচুকুন্দাদিতি। মরুত্তাদীনি রাজ্ঞাং নামানি ॥৭৮॥
ইক্ষ্বাক্বিতি। ভোজো নাম যাদবো যদুবংশীয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৯॥
যদুভ্য ইতি। বহুবচনেন ভোজাদ্বহব এব যাদব লেভিব ইতি সূচিতম্ ॥৮০॥

নহুষ হইতে যযাতি, যযাতি হইতে পুরু, পুরু হইতে অমূর্ত্তরয়া এবং অমূর্ত্তরয়া হইতে ভূমিশয়রাজা সেই অসি প্রাপ্ত হইয়াছিলেন ॥৭৫॥

নকুল! দুষ্মন্তেব পুত্র ভবত ভূমিশয়েব নিকট হইতে সেই অসি লাভ করেন এবং তাঁহাব নিকট হইতে ধর্ম্মজ্ঞ ঐলবিলবাজা তাহা প্রাপ্ত হন ॥৭৬॥

সেই ঐলবিলেব নিকট হইতে রাজা ধুন্ধুমার, ধুন্ধুমাবেব নিকট হইতে কাম্বোজ এবং কাম্বোজেব হস্ত হইতে মুচুকুন্দ লাভ কবেন ॥৭৭॥

মুচুকুন্দ হইতে মরুত্ত, মরুত্ত হইতে বৈবত, বৈবত হইতে যুবনাশ্ব এবং যুবনাশ্ব হইতে বঘু তাহা প্রাপ্ত হন ॥৭৮॥

রঘু হইতে ইক্ষ্বাকুবংশীয় প্রতাপশালী হাবণাশ্ব, হরিণাশ্ব হইতে শুনক, শুনক হইতে উশীনব এবং উশীনব হইতে যদুবংশীয় ধর্ম্মাত্মা ভোজবাজা সেই অসি লাভ কবেন ॥৭৯॥

যদুবংশীয়দেব নিকট হইতে শিবি, শিবি হইতে প্রতর্দ্দন, প্রতর্দ্দন হইতে অষ্টক এবং অষ্টক হইতে পৃষদশ্ব তাহা প্রাপ্ত হন ॥৮০॥

পৃষদশ্বাদ্ভরদ্বাজো দ্রোণস্তস্মাৎ কৃপস্ততঃ।
ততস্ত্বং ভ্রাতৃভিঃ সার্দ্ধং পরমাসিমবাপ্তবান্ ॥৮১॥
কৃত্তিকা হ্যস্য নক্ষত্রমসেরগ্নিশ্চ দৈবতম্।
রোহিণী গোমস্যাথ রুদ্রশ্চ গুরুরুত্তমঃ ॥৮২॥
অসেরষ্টৌ হি নামানি রহস্যানি নিবোধ মে।
পাণ্ডবেয়! সদা যানি কীর্ত্তয়ল্লঁভতে জয়ম্ ॥৮৩॥
অসির্ব্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ।
শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপালস্তথৈব চ ॥৮৪॥
অগ্র্যঃ প্রহরণানাঞ্চ খড়্গো মদ্রবতীসুত!।
মহেশ্বরপ্রণীতশ্চ পুরাণে নিশ্চয়ং গতঃ ॥৮৫॥

ভাবতকৌমুদী

পৃষদশ্বাদিতি। ভবদ্বাজো নাম মুনিঃ, তস্মাৎ ভবদ্বাজাৎ দ্রোণঃ ॥৮১॥

কৃত্তিকা ইতি। কৃত্তিকানাং ষট্সংখ্যকত্বাদ্বহুবচনম্, নক্ষত্রং জন্মকালীনম্ ॥৮২॥

অসেবিতি। বহস্যানি গোপনীযানি ॥৮৩॥

অসিবিতি। অস্যতি মস্তকাদিকং ছিত্ত্বা ক্ষিপতীতি অসিঃ। "অসু ক্ষেপণে" ইত্যস্ধাতো-র্বৌণাদিক ইঃ। বিশস্যতে হিংস্যতে অনেনেতি বিশসনঃ। "শসু হিংসাযাম্" ইতি শসধাতোর্যুট্। খাডয়তি ভিনত্তীতি খড়্গঃ। "খড খডি ভেদে" ইতি খডধাতোর্বৌণাদিকো গন্। তীক্ষ্ণা ধাবা যস্য সঃ। দুঃখেন আসদ্যতে ভজ্যত ইতি দুবাসদঃ। 'সদেঃ খল্'। শ্রীঃ শোভা গর্ভে যস্য স শ্রীগর্ভো নানাবিধবেখাঙ্কিতত্বাৎ। বিজয়ত্যনেনেতি বিজয়ঃ। কবণে অপ্। দুষ্টনিগ্রহাদিনা ধর্ম্মং পালযতীতি কর্ম্মণ্যন্ ॥৮৪॥

অগ্র্য ইতি। অগ্র্যঃ শ্রেষ্ঠঃ, প্রহবণানামস্ত্রাণাম্। মহেশ্ববেণ রুদ্রেণ প্রণীতং প্রথমং চালিতঃ, নিশ্চয়ং প্রাধান্যেন ॥৮৫॥

নকুল! পৃষদশ্ব হইতে ভবদ্বাজ, ভবদ্বাজ হইতে দ্রোণ, দ্রোণ হইতে কৃপ এবং কৃপ হইতে ভ্রাতৃগণেব সহিত তুমি সেই উত্তম অসি প্রাপ্ত হইযাছ ॥৮১॥

এই অসিব জন্মকালীন নক্ষত্র ছিল কৃত্তিকা, অগ্নি ছিলেন দেবতা, বোহিণী ছিল গোত্র এবং রুদ্রদেব ছিলেন উত্তম গুরু ॥৮২॥

পাণ্ডুনন্দন! মানুষ যেগুলিব কীর্ত্তন কবিয়া সর্ব্বদা জযলাভ কবে, অসির সেই গোপনীয আটটী নাম আমাব নিকট শ্রবণ কব ॥৮৩॥

অসি, বিশসন, খড়্গ, তীক্ষ্ণধাব, দুবাসদ, শ্রীগর্ভ, বিজয ও ধর্ম্মপাল ॥৮৪॥

---

(৮১) ততস্ত্ব ভ্রাতৃভিঃ সার্দ্ধং—বর্দ্ধ।

পৃথুস্তুৎপাদয়ামাস ধনুরাদ্যমরিন্দমঃ।
তেনেয়ং পৃথিবী দুগ্ধা শস্যানি সুবহূন্যপি।
ধর্ম্মেণ চ যথাকালং বৈণ্যেন পরিরক্ষতা ॥৮৬॥
তদেতদার্ষং মাদ্রেয়! প্রমাণং কর্ত্তুমর্হসি।
অসেশ্চ পূজা কর্ত্তব্যা সদা যুদ্ধবিশারদৈঃ ॥৮৭॥
ইত্যেষ প্রথমঃ কল্পো ব্যাখ্যাতস্তে সুবিস্তরাৎ।
অসেরুৎপত্তিসংসর্গো যথাবদ্ভরতর্ষভ! ॥৮৮॥
সর্ব্বথৈতদিদং শ্রুত্বা খড়্গসাধনমুত্তমম্।
লভতে পুরুষঃ কীর্ত্তিং প্রেত্য চানন্ত্যমশ্নুতে ॥৮৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে খড়্গোৎপত্তিকথনে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পৃথুরিতি। আদ্যৌ ভবমাদ্যম্। বৈণ্যেন বেণপুত্রেণ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৬॥

নন্ মানুষমাত্রস্য ভবতো বচনে কথং নাম প্রামাণ্যমঙ্গীকর্ত্তব্যমিত্যাহ তদিতি। আর্ষম্ ঋষি-বচনম্ ॥৮৭॥

ইতীতি। প্রথমঃ কল্পঃ প্রহবণানামগ্রে স্থিতিঃ। উৎপত্তিসংসর্গো জন্মধাবণসম্বন্ধঃ ॥৮৮॥

সর্ব্বথেতি। খড়্গস্য সাধনমুৎপত্তিম্। প্রেত্য পবলোকে, আনন্ত্যং সুখানাম্ ॥৮৯॥

ইতি মহামহোপাধ্যাব-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবত-টীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যাবাং শান্তিপর্ব্বণি একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

মাদ্রীনন্দন! এই অসি সমস্ত অস্ত্রেব মধ্যে শ্রেষ্ঠ। রুদ্রদেব প্রথমে ইহার চালনা কবেন এবং ইহা যে প্রধান অস্ত্র, তাহা পুবাণশাস্ত্রে নির্দ্দিষ্ট আছে ॥৮৫॥

বেণবাজাব পুত্র শত্রুদমনকাবী পৃথু প্রথমে ধনু উৎপাদন কবেন। তিনি ধর্ম্মানুসাবে যথাকালে প্রজাপালন কবিতে থাকিয়া এই পৃথিবী হইতে বহুতব শস্য দোহন (উৎপাদন) কবিয়াছিলেন ॥৮৬॥

মাদ্রীনন্দন! আমাব এই সকল কথা ঋষিবাক্যেবই অনুবাদ; সুতবাং তুমি ইহা প্রমাণ বলিয়া স্বীকাব কবিতে পাব। যুদ্ধবিশাবদ বীবগণেব এই তববাবিব গৌবব কবা সর্ব্বদাই উচিত ॥৮৭॥

ভবতশ্রেষ্ঠ! এই আমি তোমাব নিকট অতিবিস্তবক্রমে তববাবিব উৎপত্তি, প্রাপ্তিসম্বন্ধ ও অস্ত্রমধ্যে প্রাধান্যেব বিষয় বলিলাম ॥৮৮॥

* ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যাবঃ বঙ্গ বর্দ্ধ নি

দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তবতি ভীষ্মে তু তূষ্ণীংভূতে যুধিষ্ঠিরঃ।
পপ্রচ্ছাবসথং গত্বা ভ্রাতৄন্ বিদুরপঞ্চমান্ ॥১॥
ধর্ম্মে চার্থে চ কামে চ লোকবৃত্তিঃ সমাহিতা।
তেষাং গরীয়ান্ কতমো মধ্যমঃ কো লঘুশ্চ কঃ ॥২॥
কস্মিংশ্চাত্মা নিধাতব্যস্ত্রিবর্গবিজয়ায় বৈ।
সংহৃষ্টা নৈষ্ঠিকং বাক্যং যথাবদ্বক্তুমর্হথ ॥৩॥

ভারতকৌমুদী

ইতীতি। আবসথং গৃহম্। বিদুরঃ পঞ্চমো যেষাং তান্। শরতল্পগতে ভীষ্মে তদর্থং কিমপি গৃহং বন্দিলোকার্থঞ্চ গৃহান্তরং নির্ম্মিতমাসীৎ। ভীষ্মে নীরবে চ তদ্বিশ্রামব্যাঘাতনিবারণায় যুধিষ্ঠিরাদয়ঃ সর্ব্ব এব তস্মিন্ গৃহান্তরে জগ্মুরিতি ভাবঃ ॥১॥

ধর্ম্ম ইতি। লোকানাং বৃত্তিঃ প্রবৃত্তিঃ, সমাহিতা লোকৈরেব স্থাপিতা। লঘুরধমঃ ॥২॥

কস্মিন্নিতি। আত্মা মনঃ ত্রয়াণাং কামক্রোধলোভানাং বর্গঃ সমূহস্তস্য বিজয়ায়। নৈষ্ঠিকং নিষ্পত্তিজনকম্ ॥৩॥

ভারতভাবদীপঃ

এবং শূরাণাং সর্ব্বাপন্নিবারণহেতুঃ খড্গা ইতি খড্গোৎপত্ত্যাদ্যা কথা সর্ব্বৈঃ শ্রুতা। অথেদানী-মেকরূপেঽপ্যুপদেষ্টরি শিষ্যাঃ স্বস্বাভিপ্রায়ানুসারেণৈব শাস্ত্রতত্ত্বং গৃহ্ণন্তীত্যেতমর্থমাখ্যায়িকামুখেন দর্শয়তি—ইত্যুক্তবতীত্যাদিনা। আবসথং গৃহম্। বিদুরঃ পঞ্চমো যেষু তান্, স্বয়ং ষষ্ঠঃ ষড়্-

মানুষ তরবারির এই উত্তম জন্মবৃত্তান্ত শুনিয়া সর্ব্বপ্রকারেই ইহলোকে কীর্ত্তি লাভ করে এবং পরলোকে অনন্তসুখ প্রাপ্ত হয়' ॥৮৭॥

—০—

বৈশম্পায়ন বলিলেন—ভীষ্ম এই কথা বলিয়া নীরব হইলে, যুধিষ্ঠির গৃহে গমন করিয়া ভীমপ্রভৃতি চারি ভ্রাতা ও বিদুরের নিকট জিজ্ঞাসা করিলেন—॥১॥

'মানুষ ধর্ম্ম, অর্থ ও কামে প্রবৃত্তি করিয়া থাকে, সেই তিনটীর মধ্যে কোন্টী শ্রেষ্ঠ, কোন্টী মধ্যম এবং কোন্টীই বা অধম ? ॥২॥

ততোঽর্থগতিতত্ত্বজ্ঞঃ প্রথমং প্রতিভানবান্।
জগাদ বিদুরো বাক্যং ধর্ম্মশাস্ত্রমনুস্মরন্ ॥৪॥

বিদুর উবাচ।

বাহুশ্রুত্যং তপস্ত্যাগঃ শ্রদ্ধা যজ্ঞক্রিয়া ক্ষমা।
ভাবশুদ্ধির্দয়া সত্যং সংযমশ্চাত্মসম্পদঃ ॥৫॥
এতদেবাভিপদ্যস্ব মা তেঽভূচ্চলিতং মনঃ।
এতন্মূলো হি ধর্ম্মার্থাবেতদেকপদং হি মে ॥৬॥
ধর্ম্মেণৈবর্ষয়স্তীর্ণা ধর্ম্মে লোকাঃ প্রতিষ্ঠিতাঃ।
ধর্ম্মেণ দেবা ববৃধুর্ধর্ম্মে চার্থঃ সমাহিতঃ ॥৭॥

ভাবতকৌমুদী

তত ইতি। অর্থগতিতত্ত্বজ্ঞো জগদবস্থাযাথার্থ্যাভিজ্ঞঃ, প্রতিভানবান্ প্রতিভাশালী ॥৪॥

বহ্বিতি। বাহুশ্রুত্যং বহুশ্রুততা। শ্রদ্ধা শাস্ত্রার্থে দৃঢ়প্রত্যয়ঃ, ভাবশুদ্ধির্মনসো নির্দ্দোষতা, সংযম ইন্দ্রিয়নিগ্রহঃ, এতা ধর্ম্মলাভে আত্মনঃ সম্পদঃ ॥৫॥

এতদিতি। এতৎ বাহুশ্রুত্যাতিগুণদশকম্, অভিপদ্যস্ব প্রাপ্নুহি। চলিতং সন্দেহেন বিচ্যুতম্। একপদং মুখ্যসত্যম্ ॥৬॥

ধর্ম্মস্য গরীয়স্ত্বং বক্তুমাহ ধর্ম্মেণেতি। তীর্ণাঃ সংসারসাগরাৎ। সমাহিতো বিধাত্রা স্থাপিতঃ ॥৭॥

ভাবতভাবদীপঃ

যোগজ্ঞা গীতা ইত্যন্তং ষড্জগীতাধ্যায়ঃ ॥১—২॥ ত্রিবর্গবিজয়ায় কামক্রোধলোভানাং জয়ায় ॥৩—৪॥ ধর্ম্মাবতারত্বাদ্ধর্ম্মশাস্ত্রানুসারিবাক্যং বিদুর উবাচ—বাহুশ্রুত্যমিতি। বাহুশ্রুত্যং বহ্বধ্যয়নম্। তপঃ স্বধর্ম্মচরণম্। ত্যাগো দানম্। শ্রদ্ধা আস্তিক্যম্। যজ্ঞক্রিয়া সোমসংস্থাদিঃ। ক্ষমা আক্রুষ্টস্য

কাম, ক্রোধ ও লোভ জয় করিবার জন্য উহার মধ্যে কোন্‌টীর উপরে মনোনিবেশ করা কর্ত্তব্য। আপনারা হৃষ্টচিত্তে যথাযথভাবে ইহার উত্তরবাক্য বলুন' ॥৩॥

তাহার পর অর্থতত্ত্বজ্ঞ ও প্রতিভাশালী বিদুর ধর্ম্মশাস্ত্র স্মরণ করিয়া প্রথমে এই কথা কহিলেন—॥৪॥

বিদুর বলিলেন—'বহুদর্শিতা, তপস্যা, ত্যাগ, শ্রদ্ধা, যজ্ঞক্রিয়া, ক্ষমা, মনঃশুদ্ধি, দয়া, সত্য ও সংযম—এইগুলি ধর্ম্মলাভে নিজের সম্পদ্ ॥৫॥

যুধিষ্ঠির! তুমি এই দশটীকেই আশ্রয় কর, ইহা হইতে তোমার মন যেন বিচলিত না হয়। কারণ, এই দশটীই ধর্ম্ম ও অর্থের মূল; ইহাই আমার ধ্রুব-বিশ্বাস ॥৬॥

ধর্ম্মো রাজন্! গুণশ্রেষ্ঠো মধ্যমো হ্যর্থ উচ্যতে।
কামো যবীয়ানিতি চ প্রবদন্তি মনীষিণঃ ।৮॥
তস্মাদ্ধর্ম্মপ্রধানেন ভবিতব্যং যতাত্মনা।
তথা চ সর্ব্বভূতেষু বর্ত্তিতব্যং যথাত্মনি ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

সমাপ্তবচনে তস্মিন্নর্থশাস্ত্রবিশারদঃ।
পার্থো ধর্ম্মার্থতত্ত্বজ্ঞো জগৌ বাক্যং প্রচোদিতঃ ॥১০॥

অর্জ্জুন উবাচ।

কর্ম্মভূমিরিয়ং রাজন্! ইহবার্ত্তা প্রশস্যতে।
কৃষির্ব্বাণিজ্যগোরক্ষ্যং শিল্পানি বিবিধানি চ ॥১১॥

ভারতকৌমুদী

ধর্ম্ম ইতি। গুণানাং গৌণপুরুষার্থানাং ধর্ম্মার্থকামানাং মধ্যে শ্রেষ্ঠঃ। যবীয়ানধমঃ ॥৮॥

তস্মাদিতি। ধর্ম্ম এব প্রধানো যস্য তেন, যতাত্মনা সংযতচিত্তেন পুরুষেণ ॥৯॥

সমাপ্তেতি। পার্থোঽর্জ্জুনঃ। প্রচোদিতঃ পূর্ব্বপ্রশ্নেনৈব প্রণোদিতঃ ॥১০॥

কর্ম্মেতি। ইয়ং পৃথিবী, বার্ত্তা অর্থপ্রবৃত্তিঃ। গোরক্ষ্যং পশুপালনম্, প্রশস্যন্ত ইতি বচনবিপরীণামেনানুবৃত্তিঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

তাড়িতস্য বা নির্ব্বিকারিত্বম্, ভাবশুদ্ধির্নিষ্কপটত্বম্। দয়া দীনেষনুজিঘৃক্ষা। সত্যং হিংসাশূন্যং যথার্থবচনম্। সংযম ইন্দ্রিয়নিগ্রহঃ। এতা দশ আত্মনো ধর্ম্মস্য সম্পদ ঐশ্বর্য্যাণি ॥৫—১০॥

ঋষিরা ধর্ম্মের বলেই সংসারসাগর হইতে উত্তীর্ণ হইয়া থাকেন, ধর্ম্মের উপরই ত্রিভুবন রহিয়াছে, ধর্ম্মের প্রভাবেই দেবতারা উন্নতি লাভ করিয়াছেন এবং অর্থও ধর্ম্মের উপরেই নির্ভর করে ॥৭॥

রাজা! পণ্ডিতেরা বলেন—ধর্ম্মই গুণের মধ্যে শ্রেষ্ঠ, অর্থ মধ্যম এবং কাম নিকৃষ্ট ॥৮॥

অতএব মানুষ সংযতচিত্ত হইয়া ধর্ম্মকে প্রধানভাবে রাখিয়া চলিবে এবং নিজের উপরে যেমন ব্যবহার করা হয়, সমস্ত প্রাণীর উপরেই তেমন ব্যবহার করিবে' ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া বিদুর বিরত হইলে, অর্থশাস্ত্রবিশারদ ও ধর্ম্মার্থতত্ত্বজ্ঞ অর্জ্জুন যুধিষ্ঠিরের প্রশ্ন অনুসারে এই কথা বলিলেন ॥১০॥

অর্জ্জুন বলিলেন—'রাজা! এই পৃথিবী কর্ম্মভূমি, এখানে অর্থপ্রবৃত্তিই প্রশস্ত এবং কৃষি, বাণিজ্য, পশুপালন ও নানাবিধ শিল্প প্রশস্ত বলিয়া কথিত হয় ॥১১॥

অর্থ ইত্যেব সর্ব্বেষাং কর্ম্মণামব্যতিক্রমঃ।
ন হৃ্যতেঽর্থেন বর্ত্তেতে ধর্ম্মকামাবিতি শ্রুতিঃ ॥১২॥
বিষয়ৈহ্যর্থবান্ ধর্ম্মমারাধয়িতুমুত্তমম্।
কামঞ্চ চরিতুং শক্তো দুষ্প্রাপমকৃতাত্মভিঃ ॥১৩॥
অর্থস্যাবয়বাবেতৌ ধর্ম্মকামাবিতি শ্রুতিঃ।
অর্থসিদ্ধা বিনির্ব্বৃত্তাবুভাবেতৌ ভবিষ্যতঃ ॥১৪॥
তদ্‌গতার্থং হি পুরুষং বিশিষ্টতরযোনয়ঃ।
ব্রহ্মাণমিব ভূতানি সততং পর্য্যুপাসতে ॥১৫॥
জটাজিনধরা দান্তাঃ পঙ্কদিগ্ধা জিতেন্দ্রিয়াঃ।
মুণ্ডা নিস্তন্তবশ্চাপি বসন্ত্যর্থার্থিনঃ পৃথক্ ॥১৬॥

ভাবতকৌমুদী

অর্থ ইতি। অব্যতিক্রমঃ অব্যভিচাবঃ। অর্থেন ঋতে বিনা ॥১২॥

বিষয়ৈবিতি। অর্থবান্ ধনী জনঃ, উত্তমং ধর্ম্মম্, আবাধয়িতুং সেবিতুম্, অকৃতাত্মভিঃ অশিক্ষিত-বুদ্ধিভিঃ দুষ্প্রাপং কামঞ্চ বিষয়ৈ রূপাদিভিঃ চবিতুং শক্তো ভবতি ॥১৩॥

অর্থস্যেতি। অবয়বৌ অঙ্গভূতৌ। বিনির্ব্বৃত্তৌ নিষ্পন্নৌ, দেহসিদ্ধৌ হস্তপদাদিসিদ্ধিবদিতি ভাবঃ ॥১৪॥

তদিতি। তৎ তস্মাৎ ভূতানি প্রাণিনঃ ব্রহ্মাণমিব, বিশিষ্টতবযোনয়ঃ প্রধানতবমানুষাঃ গতার্থং প্রাপ্তধনং পুরুষং সততং পর্য্যুপাসতে ॥১৫॥

জটেতি। দান্তা জিতচিত্তাঃ, জিতেন্দ্রিয়া ইতি বহিবিন্দ্রিয়জয়পবম্। অতো ন পুনরুক্তিঃ। মুণ্ডা মুণ্ডিতমস্তকাঃ, নিস্তন্তবশ্চাপি নিঃসন্তানা অপি ॥১৬॥

আমরা শুনিয়া থাকি যে, একমাত্র অর্থই সমস্ত কর্ম্মেব অব্যভিচাবী উদ্দেশ্য। কাবণ, অর্থ ব্যতীত ধর্ম্ম ও কাম থাকিতেই পাবে না ॥১২॥

ধনী মানুষ উত্তম ধর্ম্মেব সেবা এবং অশিক্ষিত বুদ্ধিগণেব পক্ষে দুর্লভ, কাম আচরণ রূপাদি বিষয়দ্বাবা কবিতে সমর্থ হয় ॥১৩॥

আমাদেব শুনা আছে যে, ধর্ম্ম ও কাম এই দুইটী অর্থেব অঙ্গ; সুতবাং এক অর্থ সিদ্ধি হইলে এই দুইটীই আপনা আপনি সিদ্ধ হয় ॥১৪॥

অতএব প্রাণীবা যেমন সর্ব্বদা ব্রহ্মাব উপাসনা কবে, তেমন প্রধান মানুষেবা সর্ব্বদাই ধনী মানুষেব উপাসনা কবিয়া থাকেন ॥১৫॥

জটাজিনধাবী, সংযতচিত্ত, কর্দ্দমলিপ্ত দেহ, জিতেন্দ্রিয় ও মুণ্ডিতমস্তক নৈষ্ঠিক ব্রহ্মচাবীবাও অর্থার্থী হইয়া পৃথক্ পৃথক্ বাস কবিয়া থাকেন ॥১৬॥

কাষায়বসনাশ্চান্যে শ্মশ্রুলা হ্রীনিষেবিণঃ।
বিদ্বাংসশ্চৈব শান্তাশ্চ মুক্তাঃ সর্ব্বপরিগ্রহৈঃ ॥১৭॥
অর্থার্থিনঃ সন্তি কেচিদপরে স্বর্গকাঙ্ক্ষিণঃ।
কুলপ্রত্যাগমাশ্চৈকে স্বং স্বং ধর্ম্মমনুষ্ঠিতাঃ ॥১৮॥
আস্তিকা নাস্তিকাশ্চৈব নিয়তাঃ সংযমে পরে।
অপ্রজ্ঞানং তমোভূতং প্রজ্ঞানন্তু প্রকাশিতা ॥১৯॥
ভৃত্যান্ ভোগৈর্দ্বিষো দণ্ডৈর্যো যোজয়তি সোঽর্থবান্।
এতন্মতিমতাং শ্রেষ্ঠ। মতং মম যথাযথম্।
অনয়োস্তু নিবোধত্বং বচনং বাক্যকণ্ঠযোঃ ॥২০॥

ভাবতকৌমুদী

কাষায়েতি। শ্মশ্রুলাঃ শ্মশ্রুধারিণঃ, হ্রীনিষেবিনঃ অর্থপ্রার্থনায়াং লজ্জাবন্তোঽপি। সর্ব্বপরি-গ্রহৈঃ কলত্রাদিপরিবর্জনৈঃ মুক্তা বিহীনা অপি অর্থার্থিন ইত্যনুবৃত্তিঃ ॥১৭॥

অর্থেতি। কুলং প্রত্যাগচ্ছন্তি বানপ্রস্থাশ্রমাৎ পরং পুনর্গৃহমাগচ্ছন্তীতি তে। তে তাদৃশা-শ্চৈকে পুনরর্থার্থিনো ভবন্তীতি সম্বন্ধঃ ॥১৮॥

আস্তিকা ইতি। আস্তিকাদয়োঽপি অর্থার্থিন ইত্যনুবৃত্তিঃ। অপ্রজ্ঞানম্ অর্থস্য প্রাধান্যে-নানববোধঃ, তমোভূতং মোহঃস্বরূপম্; প্রজ্ঞানন্তু অর্থস্য প্রাধান্যেনাববোধস্তু প্রকাশিতা চিরমেব প্রকাশং যাস্যতি ॥১৯॥

অর্থফলমাহ ভৃত্যানিতি। যথাবৎং বহুদৃষ্টান্তসত্ত্বাৎ সতাম্। অনয়োর্নকুলসহদেবয়োঃ, নিবোধ শৃণু। বাক্যং কণ্ঠে যযোস্তয়োর্বক্তুমুৎসুকযোরিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

ভাবতভাবদীপঃ

এবং ধর্ম্মশ্রেষ্ঠ্যে বিদুরেণ প্রতিপাদিতেঽর্থশ্রৈষ্ঠ্যমর্জ্জুন আহ—কর্ম্মভূমিরিতি ॥১১॥ অব্যতিক্রমঃ মর্য্যাদা ।১২—১৫॥ নিস্তন্তবঃ নৈষ্ঠিকব্রহ্মচারিণঃ ॥১৬—১৮॥ প্রজ্ঞানমর্থশ্রৈষ্ঠ্যবিষয়ম্ ॥১৯॥

কাষায়বসনপরিধায়ী, শ্মশ্রুধারী, লজ্জাশীল, শান্তচিত্ত, সর্ব্বসংসর্গহীন অন্য জ্ঞানী লোকেরাও অর্থার্থী হইয়া থাকেন ॥১৭॥

অন্য কতকগুলি লোক স্বর্গকামী হইয়া অর্থপ্রার্থী হন এবং অপর কতকগুলি লোক বানপ্রস্থাশ্রম হইতে গৃহে ফিরিয়া আসিয়া আপন আপন ধর্ম্মের অনুষ্ঠান করিতে থাকিয়া অর্থ কামনা করেন ॥১৮॥

অন্য অনেক আস্তিক, নাস্তিক এবং সংযমে নিরত লোক অর্থ প্রার্থনা করিয়া থাকেন। অতএব অর্থকে প্রধান বলিয়া না বুঝা ভুল। কেন না, অর্থকে প্রধান বলিয়া বুঝাই চিরদিন প্রকাশ পাইবে ॥১৯॥

ভীমসেন উবাচ।

নাকামঃ কাময়ত্যর্থং নাকামো ধর্ম্মমিচ্ছতি।
নাকামঃ কাময়ানোঽস্তি তস্মাৎ কামো বিশিষ্যতে ॥২৯॥
'কামেন যুক্তা ঋষয়স্তপস্যেব সমাহিতাঃ।
পলাশফলমূলাদা বায়ুভক্ষাঃ সুসংযতাঃ ॥৩০॥
বেদোপবেদেম্বপরে যুক্তাঃ স্বাধ্যায়পারগাঃ।
শ্রাদ্ধযজ্ঞক্রিয়ায়াঞ্চ তথা দানপ্রতিগ্রহে ॥৩১॥
বণিজঃ কর্ষকা গোপাঃ কারবঃ শিল্পিনস্তথা।
দৈবকর্ম্মকৃতশ্চৈব যুক্তাঃ কামেন কর্ম্মসু ॥৩২॥
সমুদ্রং বা বিশন্ত্যন্যে নরাঃ কামেন সংযুতাঃ।
কামো হি বিবিধাকারঃ সর্ব্বং কামেন সন্ততম্ ॥৩৩॥

ভাবতকৌমুদী

নেতি। কামো নাম বিষযাভিলাষঃ তদ্বিবহিতঃ অকামো জনঃ, অর্থং ধনম্। কামযানঃ কিমপি কাময়মানঃ, তস্মাৎ সর্ব্বত্র কামস্যাব্যভিচাবাৎ ॥২৯॥

কামেনেতি। কামেন স্বর্গাদ্যভিলাষেণ। সমাহিতা অভিনিবিষ্টা। পলাশং পর্ণং ফলং মূলঞ্চ অদন্তি খাদন্তীতি তে। অত্তেঃ কর্ম্মণ্যন্ ॥৩০॥

বেদেতি। স্বাধ্যায়ানাং বেদানাং পাবগা অপি অপবে জনাঃ, বেদোপবেদেষু বেদবেদান্তেষু, তথা শ্রাদ্ধাদৌ চ, যুক্তাঃ কামাদেব প্রবৃত্তাঃ ॥৩১॥

বণিজ ইতি। দৈবকর্ম্মকৃতঃ পুবোহিতাদযঃ কামেনৈব কর্ম্মসু যুক্তা নিবতা ভবন্তি ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—নকুল ও সহদেব সেই কথা বলিয়া বিরত হইলেন; তখন ভীমসেন এই সকল বাক্য বলিতে আরম্ভ কবিলেন ॥২৮॥

ভীমসেন বলিলেন—'কামনাহীন মানুষ অর্থ কামনা কবে না, কামনাহীন মানুষ ধর্ম্ম কামনা করে না এবং কামনাহীন মানুষ কিছুই কামনা কবে না; অতএব ত্রিবর্গের মধ্যে কামই শ্রেষ্ঠ ॥২৯॥

ঋষিরা স্বর্গাদি কামনা কবিয়াই অত্যন্ত সংযত হইয়া পত্র, ফল, মূল ও বায়ু ভক্ষণ করিতে থাকিয়া তপস্যায় অভিনিবিষ্ট হন ॥৩০॥

অন্য কতকগুলি লোক বেদপারদর্শী হইয়াও আবাব বেদ ও বেদান্তে এবং শ্রাদ্ধ, যজ্ঞ, দান ও প্রতিগ্রহে কামনাবশতই প্রবৃত্ত হইয়া থাকেন ॥৩১॥

বণিক্, কৃষক, গোপ, কারু, শিল্পী এবং দৈবকর্ম্মকাবীবা কামবশতই আপন আপন কর্ম্মে প্রবৃত্ত হইয়া থাকে ॥৩২॥

---

(২৯) কামমানোঽস্তি—বর্দ্ধ।

নাস্তি নাসীন্নাভবিষ্যদ্‌ভূতং কামাত্মকাৎ পরম্।
এতৎ সারং মহারাজ! ধর্ম্মার্থাবত্রসংস্থিতৌ ॥৩৪॥
নবনীতং যথা দধ্নস্তথা কামোঽর্থধর্ম্মতঃ।
শ্রেয়স্তৈলং হি পিণ্যাকাদ্‌ঘৃতং শ্রেয় উদশ্বিতঃ।
শ্রেয়ঃ পুষ্পফলং কাষ্ঠাৎ কামো ধর্ম্মার্থয়োর্বরঃ ॥৩৫॥
পুষ্পতো মাধ্বীকরসঃ কাম আভ্যাং তথা স্মৃতঃ।
কামো ধর্ম্মার্থয়োর্যোনিঃ কামশ্চাথ তদাত্মকঃ ॥৩৬॥
নাকামতো ব্রাহ্মণাঃ স্বন্নমর্থান্নাকামতো দদতি ব্রাহ্মণেভ্যঃ।
নাকামতো বিবিধা লোকচেষ্টা তস্মাৎ কামঃ প্রাক্ ত্রিবর্গস্য দৃষ্টঃ ॥৩৭॥

ভাবতকৌমুদী

সমুদ্রমিতি। কামেন বত্নাদিলিপ্সয়া। সন্ততং ব্যাপ্তম্ ॥৩৩॥

নেতি। কাম আত্মনি যস্য তস্মাৎ, পরমন্যৎ, ভূতং প্রাণী ॥৩৪॥

নবেতি। অর্থধর্ম্মতো ধর্ম্মার্থাভ্যাম্। পিণ্যাকাৎ তিলকল্কাৎ। উদশ্বিতস্তক্রাৎ। বট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥

পুষ্পত ইতি। মাধ্বীকবসো মধু, শ্রেয়ানিতি লিঙ্গব্যত্যয়েনানুবৃত্তিঃ। আভ্যাং ধর্ম্মার্থাভ্যাম্। যোনিঃ কারণম্, তয়োর্ধর্ম্মার্থয়োরাত্মা স্বরূপং যস্মাৎ সঃ ॥৩৬॥

ভাবতভাবদীপঃ

দ্রমতমেবৈতদীষদ্ভেদেন দর্শিতম্ ॥২৭—২৮॥ কামস্যৈব প্রাধান্যং মন্বানো ভীমসেন উবাচ—নাকাম ইতি ॥২৯—৩৪॥ উদশ্বিতঃ তক্রাৎ ॥৩৫—৩৬॥ অকামতঃ কামং বিনা কেবলার্থাৎ। স্বন্নং

অন্য কতকগুলি লোক কামসমন্বিত হইয়াই সমুদ্রমধ্যে প্রবেশ করে; অতএব কাম নানাপ্রকার এবং সমস্ত বিষয়েই কামব্যাপ্ত ॥৩৩॥

মহারাজ! কামি ভিন্ন কোন প্রাণী পূর্ব্বে ছিল না, বর্ত্তমানে নাই এবং ভবিষ্যতেও থাকিবে না—ইহাই ত্রিবর্গের মধ্যে সার এবং ধর্ম্ম ও অর্থ এই কামের উপর নির্ভর করিয়াই থাকে ॥৩৪॥

ননী যেমন দধির সার, তেমন কাম ধর্ম্ম ও অর্থের সার; আর তিলের কল্ক হইতে যেমন তৈল, তক্র হইতে যেমন ঘৃত এবং কাষ্ঠ হইতে যেমন পুষ্প ও ফল শ্রেষ্ঠ, তেমন কাম ধর্ম্ম ও অর্থ হইতে শ্রেষ্ঠ ॥৩৫॥

মধু যেমন পুষ্প হইতে শ্রেষ্ঠ, তেমন কাম ধর্ম্ম ও অর্থ হইতে শ্রেষ্ঠ। কাম ধর্ম্ম ও অর্থের কারণ। অতএব ধর্ম্ম ও অর্থ কাম হইতেই উৎপন্ন হয় ॥৩৬॥

(৩৬) পুষ্পতো মধ্বিকবসঃ—বঙ্গ।

সুচারুবেশাভিরলঙ্কৃতাভির্ম্মদোৎকটাভিঃ প্রিয়দর্শনাভিঃ।
রমস্ব যোষাভিরুপেত্য কামং কামো হি রাজন্! পরমো ভবেন্নঃ ॥৩৮॥
বুদ্ধির্ম্মমৈষা পরমা হি রাজন্! মাভূদ্বিচারস্তব ধর্ম্মপুত্র!।
স্যাৎ সংহিতং সদ্ভিরফল্গু সারং মমেতি বাক্যং পরমানৃশংসম্ ॥৩৯॥
ধর্ম্মার্থকামাঃ সমমেব সেব্যা যো হ্যেকভক্তঃ স নরো জঘন্যঃ।
তয়োস্তু দাক্ষ্যং প্রবদন্তি মধ্যং স উত্তমো যোঽভিরতস্ত্রিবর্গে ॥৪০॥

ভারতকৌমুদী

নেতি। ব্রাহ্মণা ব্রাহ্মণেভ্যঃ অকামতঃ স্বন্নম্ উৎকৃষ্টমোদনম্, অকামতঃ অর্থান্ ধনানি চ ন দদতি। ত্রিবর্গস্য ধর্ম্মার্থকামানাং প্রাক্ প্রথমঃ প্রধান ইতি যাবৎ দৃষ্টঃ ।৩৭॥

সুচারুবিতি। কামমুপেত্য আশ্রিত্য পরম উত্তম আশ্রয়ণীয়ঃ ॥৩৮॥

বুদ্ধিরিতি। সদ্ভির্বিজ্ঞৈরপি সংহিতং সন্ধানেন গৃহীতম্, অফল্গু অতুচ্ছম্, সারমুত্তমম্, পরমানৃশংসম্ অতীবানিষ্ঠুরম্ ॥৩৯॥

ধর্ম্মেতি। জঘন্যঃ অধমঃ। তযোর্ধর্ম্মার্থয়োঃ, দাক্ষ্যং সেবানৈপুণ্যঞ্চেৎ তদা তং পুরুষং মধ্যমং প্রবদন্তি ॥৪০॥

ভাবতভাবদীপঃ

মৃষ্টান্নমস্তি ন হি ধনমস্তীতি মৃষ্টং ভুজ্যতে, অপি তু কচ্যাত্মকঃ কামোঽস্তীতি অন্যথা জবিতস্যাপি মৃষ্টং দীয়েত ॥৩৭—৩৮॥ পবিথাস্থিতস্য পবিতঃ খাতা পবিখা সর্ব্বেতো মূলশোধ ইত্যর্থঃ। তত্র হিতস্য অনৃশংসমনিষ্ঠুবম্ ॥৩৯॥ দাক্ষ্যম্ অর্থহেতুত্বান্মধ্যং মধ্যমম্ অর্থাৎ কাম উত্তমো ধর্ম্মো জঘন্য ইতি

ব্রাহ্মণেরা কোন কামনা ব্যতীত ব্রাহ্মণদিগকে উত্তম অন্ন অর্থ দান করেন না এবং কামনা ব্যতীত লোকেব নানাবিধ চেষ্টা হয় না। অতএব কাম ত্রিবর্গেব মধ্যে শ্রেষ্ঠ ॥৩৭॥

বাজা! আপনি কাম অবলম্বন কবিয়া সুন্দববেশা, অলঙ্কৃতা, মদমত্তা ও প্রিয়দর্শনা বমণীদেব সহিত বমণ করুন। কারণ, আমাদেব ন্যায় লোবদিগেব পক্ষে কামই শ্রেষ্ঠ ॥৩৮॥

রাজা! আমাব এই বুদ্ধিই উত্তম বলিয়া মনে করুন। অতএব ধর্ম্মপুত্র! আপনাব এবিষয়ে যেন কোন বিচাব বা বিতর্ক উপস্থিত না হয়। আমার এই বাক্য উত্তম, কোমল, শ্রেষ্ঠ ও তুচ্ছতাবিহীন; সুতবাং পণ্ডিতেরাও অনুসন্ধান করিয়া এই বাক্য গ্রহণ কবেন ॥৩৯॥

---

(৩৯) বুদ্ধির্ম্মমৈষাপবিখা স্থিতস্য বঙ্গ বর্দ্ধ—নি।

প্রাজ্ঞঃ সুহৃচ্চন্দনসারলিপ্তো বিচিত্রমাল্যাভরণৈরুপেতঃ।
ততো বচঃ সংগ্রহবিস্তরেণ প্রোক্ত্বাথ বীরান্ বিররাম ভীমঃ ॥৪১॥
ততো মুহূর্ত্তাদথ ধর্ম্মরাজো বাক্যানি তেষামনুচিন্ত্য সম্যক্।
উবাচ বাচাঽবিতথং স্মরন্ বৈ লব্ধশ্রুতাং ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ ॥৪২॥

যুধিষ্ঠির উবাচ।

নিঃসংশয়ং নিশ্চিতধর্ম্মশাস্ত্রাঃ সর্ব্বে ভবন্তো বিদিতপ্রমাণাঃ।
বিজ্ঞাতুকামস্য মমেহ বাক্যমুক্তং যদ্বৈ নৈষ্ঠিকং তচ্ছ্রুতং মে।
ইদং ত্ববশ্যং গদতো মমাপি বাক্যং নিবোধধ্বমনন্যভাবাঃ ॥৪৩॥
যো বৈ ন পাপে নিরতো ন পুণ্যে নার্থে ন ধর্ম্মে মনুজো ন কামে।
বিমুক্তদোষঃ সমলোষ্টকাঞ্চনো বিমুচ্যতে দুঃখসুখার্থসিদ্ধেঃ ॥৪৪॥

ভাবতকৌমুদী

প্রাজ্ঞ ইতি। শোভনং হৃদয়ং যস্য স সুহৃৎ। সংগ্রহে সংক্ষেপবিষয়ে বিস্তরেণ ॥৪১॥
তত ইতি। অবিতথং সত্যং স্মরন্ অনুসন্দধানঃ, লব্ধা শ্রুৎ শাস্ত্রশ্রবণং যৈস্তেষাম্ ॥৪২॥
নিবিতি। নৈষ্ঠিকং সিদ্ধান্তনিষ্পত্তিযুক্তম্। নিবোধধ্বং শৃণুত, অনন্যভাবা অনন্যচিত্তাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩॥

বাস্তবিকপক্ষে সমান ভাবেই ধর্ম্ম, অর্থ ও কামের সেবা করা উচিত। কিন্তু যে লোক ইহার মধ্যে একটার সেবা করে, সেই লোক অধম ; যে লোক দুইটার সেবা করে, সে লোককে মধ্যম বলে, আর যে লোক তিনটারই সেবা করে, সেই লোক উত্তম ॥৪০॥

তাহার পর প্রাজ্ঞ, সুন্দর চিত্ত, সারচন্দনলিপ্ত দেহ এবং বিচিত্র মাল্য ও অলঙ্কার-সমন্বিত ভীমসেন যুধিষ্ঠিরপ্রভৃতি বীরগণের নিকট সংক্ষেপ বিষয়ে বিস্তরক্রমে উক্ত বাক্য সকল বলিয়া বিরত হইলেন ॥৪১॥

তদনন্তর শাস্ত্রজ্ঞ ও ধার্ম্মিকগণের শ্রেষ্ঠ যুধিষ্ঠির মুহূর্ত্তকাল বিদুরপ্রভৃতির বাক্য সকল চিন্তা করিয়া এবং সত্য বিষয় স্মরণ করিতে থাকিয়া বলিতে লাগিলেন ॥৪২॥

যুধিষ্ঠির বলিলেন—'আপনারা সকলেই ধর্ম্মশাস্ত্রের অর্থ নিশ্চিতভাবে জানিয়াছেন এবং সমস্ত প্রমাণও অবগত হইয়াছেন, এবিষয়ে কোন সন্দেহ নাই ; তারপর আমি ত্রিবর্গের তত্ত্ব জানিতে ইচ্ছা করিয়াছিলাম, তাহাতে আপনারা যে সকল সিদ্ধান্ত বাক্য বলিয়াছেন, তাহাও আমি শুনিয়াছি , এখন আমিও কিছু বলিতেছি, তাহা আপনারা অবশ্যই অনন্যচিত্ত হইয়া শ্রবণ করুন ॥৪৩॥

(৪১)···প্রথমার্দ্ধাৎ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' বঙ্গ বর্দ্ধ।

ভূতানি জাতিস্মরণাত্মকানি জরাবিকারৈশ্চ সমন্বিতানি।
ভূয়শ্চ তৈস্তৈঃ প্রতিবোধিতানি মোক্ষং প্রশংসন্তি ন তঞ্চ বিদ্মঃ ॥৪৫॥
স্নেহেন যুক্তস্য ন চাস্তি মুক্তিরিতি স্বয়ম্ভূর্ভগবানুবাচ।
বুধাশ্চ নির্ব্বাণপরা ভবন্তি তস্মান্ন কুর্য্যাৎ প্রিয়মপ্রিয়ঞ্চ ॥৪৬॥
এতৎ প্রধানঞ্চ ন কামকারো যথা নিযুক্তোঽস্মি তথা করোমি।
ভূতানি সর্ব্বাণি বিধির্নিযুঙ্‌ক্তে বিধির্ব্বলীয়ানিতি বিত্ত সর্ব্বে ॥৪৭॥

ভারতকৌমুদী

য ইতি। বিমুক্তদোষঃ ক্রোধলোভাদিশূন্যঃ, সমে তুল্যে লোষ্টকাঞ্চনে যস্য সঃ। দুঃখসুখার্থানাং সিদ্ধির্যস্মিন্ তস্মাৎ বন্ধাৎ বিমুচ্যতে ॥৪৪॥

ভূতানীতি। জাতীনাং পূর্ব্বজন্মনাং স্মরণানি আত্মসু মনঃসু যেষাং তানি। জরা বার্দ্ধক-জীর্ণতা বিকারাশ্চ রোগাদয়ঃ তৈঃ সমন্বিতানি, তৈস্তৈ সুখদুঃখৈঃ, ভূয়ো বহুশঃ প্রতিবোধিতানি, দুঃখাকরঃ সংসার ইতি জ্ঞাপিতানি, ভূতানি মানবাঃ মোক্ষং প্রশংসন্তি; কিন্তু তঞ্চ মোক্ষং বয়ং ন বিদ্মো জানীমঃ জ্ঞানালাভাৎ ॥৪৫॥

স্নেহেনেতি। স্নেহেন রাগেণ, পরমপ্রিয়মিত্যভিধানাৎ দ্বেষেণ চ। বুধা রাগদ্বেষহীনা জ্ঞানিনঃ ॥৪৬॥

এতদিতি। এতদুচ্যমানং মননঞ্চ মুক্তিলাভে প্রধানং কারণম্, কিন্তু কামকারঃ স্বেচ্ছাচারো ন। তন্মননমেবাহ যথেতি। নিযুক্তো বিধিনা। ভূতানি প্রাণিনঃ। বিত্ত যূয়ং জানীত ॥৪৭॥

ভারতভাবদীপঃ

ফলিতম্ ॥৪০—৪১॥ লব্ধং শ্রুতং শ্রবণং যৈস্তেষাং লব্ধশ্রুতাম্ ॥৪২॥ নৈষ্ঠিকং সিদ্ধান্তরূপম্। এতেন পূর্ব্বে সর্ব্বে পূর্ব্বপক্ষা এবেত্যুক্তম্ ॥৪৩॥ যঃ পাপাদিপঞ্চকে ন নিরতঃ স দুঃখসুখাদিসিদ্ধির্যস্য তস্মাৎ সর্ব্বকর্ম্মবৃন্দাদ্বিমুচ্যতে ॥৪৪॥ জাতির্জন্ম স্মরণমতীতার্থস্মরণং তেনাতীতত্বমাত্রং লক্ষ্যতে জন্মমরণাত্মকানীত্যর্থঃ ॥৪৫॥ স্নেহেনেতি। রাগদ্বেষয়োরুপলক্ষণম্। এতেন মুক্তের্দুর্লভত্বমাহ—ন চেতি। তথাপি প্রার্থ্যা চ সেত্যাহ—বুধা ইতি ॥৪৬॥ এতৎপদার্থমাহ—যথেত্যাদিনা ॥৪৭॥

যে লোক পাপ, পুণ্য, ধর্ম্ম, অর্থ ও কামে নিরত নহে এবং সমস্ত দোষমুক্ত ও লোষ্ট্রকাঞ্চনে সমদর্শী, সেই লোক সুখ, দুঃখ ও অর্থসিদ্ধিযুক্ত সংসার হইতে মুক্তি লাভ করেন ॥৪৪॥

জাতিস্মর ও জরাবিকারযুক্ত মানবেরা সাংসারিক নানা দুঃখ ভোগে অনবরত প্রতিবোধিত হইয়া মুক্তির প্রশংসা করেন; কিন্তু আমরা সে মুক্তির বিষয় জানি না ॥৪৫॥

ব্রহ্মা বলিয়াছেন যে, রাগদ্বেষযুক্ত পুরুষের মুক্তি হয় না; কিন্তু রাগদ্বেষবিহীন জ্ঞানীরাই মুক্তিপ্রবণ হইয়া থাকেন। অতএব মানুষ রাগবশতঃ কাহাকেও প্রিয় করিবে না, কিংবা দ্বেষবশতঃ কাহাকেও অপ্রিয় করিবে না ॥৪৬॥

ন কর্ম্মণাপ্নোত্যনবাপ্যমর্থং যদ্ভাবি তদ্বৈ ভবতীতি বিত্ত।
ত্রিবর্গহীনোঽপি হি বিন্দতেঽর্থং তস্মাদহো লোকহিতায় গুহ্যম্ ॥৪৮॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্তদগ্র্যং বচনং মনোগতং সমস্তমাজ্ঞায় ততো হি হেতুমৎ।
তদা প্রণেমুশ্চ জহর্ষিরে চ তে কুরুপ্রবীরায় চ চক্রিরেঽঞ্জলিম্ ॥৪৯॥
সুচারুবর্ণাক্ষরচারুভূষিতাং মনোঽনুগাং নির্দ্ধূতবাক্যকণ্ঠকাম্।
নিশম্য তাং পার্থিব! ভাষিতাং গিরং নরেন্দ্রাঃ প্রশশংসুরেব তে ॥৫০॥

ভাবতকৌমুদী

নেতি। ত্রিবর্গহীনোঽপি ধর্ম্মার্থকামশূন্যো মুমুক্ষুবপি। পবেণ দত্তমর্থং ধনং বিন্দতে লভতে। গুহ্যং মুক্তিসাধনং গোপনীয়ম্ ॥৪৮॥

তত ইতি। ততঃ পবম্ অগ্র্যং শ্রেষ্ঠম্। ততো যুধিষ্ঠিবাৎ, হেতুমৎ যুক্তিযুক্তম্ ॥৪৯॥

সুবিতি। সুচারুভিঃ বর্ণৈর্ব্যঞ্জনৈঃ অক্ষবৈঃ স্ববৈশ্চ চারুভূষিতাং সম্যগলঙ্কৃতাম্, নির্ধূতানি ত্যক্তানি বাক্যানাং কণ্টকানি কণ্টকবৎ দুঃশ্রবত্বাদযো দোষাঃ যযা তান্ ॥৫০॥

ভাবতভাবদীপঃ

অর্থং মোক্ষং বিত্ত জানীত লোকহিতায মোক্ষায ত্রিবর্গহীনোঽপি গুহ্যমর্থং বহস্যং জ্ঞানং বিন্দতে

এইরূপ মনে কবাই মুক্তিব প্রধান উপায, কিন্তু স্বেচ্ছাচাব নহে; বিধাতা আমাকে যে কার্য্যে নিযুক্ত কবেন, আমি তাহাই কবি। বিধাতা সমস্ত প্রাণীকেই নিযুক্ত কবিযা থাকেন। কেন না, বিধাতাই সর্ব্বাপেক্ষা বলবান্; ইহা তোমবা অবগত হও ॥৪৭॥

মানুষ কর্ম্মদ্বাবা অপ্রাপ্য অর্থ পায না এবং যাহা হইবে তাহাই হয, ইহা তোমবা অবগত হও। মানুষ ধর্ম্ম, অর্থ ও কাম শূন্য হইযাও অর্থ লাভ কবে। অতএব লোকহিতেব জন্য মুক্তিব উপায গোপনীয বাখিবে' ॥৪৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব বিদুবপ্রভৃতি নবশ্রেষ্ঠগণ যুধিষ্ঠিবেব সেই সকল যুক্তিযুক্ত, মনোমত ও শ্রেষ্ঠ বাক্য শ্রবণ কবিযা তাঁহাকে প্রণাম কবিলেন, আনন্দিত হইলেন এবং অঞ্জলি বন্ধন কবিলেন ॥৪৯॥

বাজা জনমেজয়! যুধিষ্ঠিবেব সেই সকল বাক্যে কোনও দোষ ছিল না, প্রত্যুত অতি সুন্দব স্বব ও ব্যঞ্জন সন্নিবেশিত ছিল; সুতবাং তাহা মনেব অনুকূলই হইয়াছিল। অতএব তাহা শুনিয়া বিদুবপ্রভৃতি নবশ্রেষ্ঠগণ তাহাব প্রশংসাই কবিলেন ॥৫০॥

(৫৯) · মনোঽনুগং—বঙ্গ।

স চাপি তান্ ধর্ম্মসুতো মহামনাস্তদা প্রতীতান্ প্রশশংস বীর্য্যবান্।
পুনশ্চ পপ্রচ্ছ সরিদ্বরাসুতং ততঃ পরং ধর্ম্মমহীনচেতসম্ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ষড়্জগীতায়াং দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ! মহাপ্রাজ্ঞ! কুরূণাং প্রীতিবর্দ্ধন!।
প্রশ্নং কঞ্চিৎ প্রবক্ষ্যামি তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥১॥
কীদৃশা মানবাঃ সৌম্যাঃ কৈঃ প্রীতিঃ পরমা ভবেৎ।
আয়ত্যাঞ্চ তদাত্বে চ কে ক্ষমাস্তান্ বদস্ব মে ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। প্রতীতান্ সন্তুষ্টান্। সরিদ্বরাসুতং গঙ্গাপুত্রং ভীষ্মম্, পপ্রচ্ছ গৃহাৎ পুনস্তৎসমীপং গত্বেত্যর্থঃ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

পিতেতি। তৎ প্রশ্নবচনং ব্যাখ্যাতুম্ উত্তরবচনেন বক্তুম্ ॥১॥

কীদৃশা ইতি। আয়ত্যাম্ উত্তরকালে, তদাত্বে বর্ত্তমানকালে চ, ক্ষমাঃ কর্ম্মসমর্থাঃ ॥২॥

ভারতভাবদীপঃ

লভতে পূর্ব্বোক্তোঽধিকারী ॥৪৮॥ ততো যুধিষ্ঠিরাৎ, ততঃ পূর্ব্বোক্তাৎ সর্ব্বেষাং বাক্যাদ্ধেতুমদিতি বা ॥৪৯—৫১॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬২॥

তাহার পর তখন বলবান্ ও উদারচেতা-যুধিষ্ঠির সন্তুষ্টচিত্ত বিদুরপ্রভৃতিরও প্রশংসা করিলেন এবং পুনরায় নিকটে যাইয়া উদারচেতা ভীষ্মের নিকটে ধর্ম্মসম্বন্ধে প্রশ্ন করিতে লাগিলেন ॥৫১॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'কৌরবগণের প্রীতিবর্দ্ধক মহাপ্রাজ্ঞ পিতামহ! আমি কোনও প্রশ্ন করিতেছি, তাহা আপনি আমার নিকট বলুন ॥১॥

---

* 'সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যাঃ'—বঙ্গ বর্দ্ধ নি।

ন হি তত্র ধনং স্ফীতং ন চ সম্বন্ধিবান্ধবাঃ।
তিষ্ঠন্তি যত্র সুহৃদস্তিষ্ঠন্তীতি মতির্মম ॥৩॥
দুর্লভো হি সুহৃচ্ছ্রোতা দুর্লভশ্চ হিতঃ সুহৃৎ।
এতদ্ধর্ম্মভৃতাংশ্রেষ্ঠ! সর্ব্বং ব্যাখ্যাতুমর্হসি ॥৪॥

ভীষ্ম উবাচ।

সন্ধেয়ান্ পুরুষান্ রাজনসন্ধেয়াংশ্চ তত্ত্বতঃ।
বদতো মে নিবোধ ত্বং নিখিলেন যুধিষ্ঠির! ॥৫॥
লুব্ধঃ ক্রূরস্ত্যক্তধর্ম্মা নিকৃতিঃ শঠ এব চ।
ক্ষুদ্রঃ পাপসমাচারঃ সর্ব্বশঙ্কী তথালসঃ ॥৬॥

ভাবতকৌমুদী

নেতি। স্ফীতং বহুলম্। যত্র সুহৃদস্তিষ্ঠন্তি তত্র স্ফীতধনাদয়ো ন তিষ্ঠন্তি সুহৃৎকার্য্যং ন কর্ত্তুং শক্নুবন্তীত্যর্থঃ ॥৩॥

দুর্লভ ইতি। শ্রোতা হিতবাক্যস্য, হিতো হিতকারী ॥৪॥

সন্ধেয়ানিতি। সন্ধেয়ান্ সন্ধিযোগ্যান্ মৈত্রিকরণযোগ্যানিত্যর্থঃ ॥৫॥

ভাবতভাবদীপঃ

যদ্যপি সর্ব্বে যথাপ্রজ্ঞমুপদেশার্থং গৃহ্ণন্তি, তথাপি সন্মিত্রলাভঃ সর্ব্বাসাং সম্পদাং হেতুঃ, দুর্মিত্রসম্বন্ধঃ সর্ব্বাসামাপদাং হেতুরিতি সর্ব্বপুরুষসাধারণোঽর্থঃ কৃৎস্নায়া রাজনীতেশ্চ সারভূত ইতি তমেব ব্যুৎপাদয়তি প্রশ্নোত্তরমুখেন—পিতামহ মহাপ্রাজ্ঞেত্যাদিনা ॥১॥ আয়ত্যাং পরিণামকালে, তদাত্বে চ বর্ত্তমানকালে, ক্ষমাঃ হিতায়েতি শেষঃ ॥২॥ মিত্রস্যার্থাদিভ্যোঽন্তরঙ্গত্বমাহ—ন হীতি

কোন্ প্রকার মানুষ ভাল, কাহাদের সহিত পরম প্রীতি হয় এবং কাহারা বর্ত্তমানে ও ভবিষ্যতে কার্য্যক্ষম হইয়া থাকে, তাহাদের কথা আপনি আমার নিকট বলুন ॥২॥

আমার ধারণা এই যে, যে স্থানে সুহৃৎ থাকে, সে স্থানে প্রচুর ধন, সম্বন্ধী ও বন্ধুদের কোন প্রয়োজন হয় না ॥৩॥

হিতশ্রোতা সুহৃৎ দুর্লভ এবং হিতকারী সুহৃদ্ও দুর্লভ। ধার্ম্মিকশ্রেষ্ঠ! আপনি এই সকল বলুন' ॥৪॥

ভীষ্ম বলিলেন—'রাজা যুধিষ্ঠির! কাহাদের সহিত প্রণয় করা উচিত এবং কাহাদের সহিত প্রণয় করা উচিত নহে, তাহা আমি সর্ব্বপ্রকারে যথাযথভাবে বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৫॥

দীর্ঘসূত্রোঽনৃজুঃ ক্রুষ্টো গুরুদারপ্রধর্ষকঃ।
ব্যসনে যঃ পরিত্যাগী দুরাত্মা নিরপত্রপঃ ॥৭॥
সর্বতঃ পাপদর্শী চ নাস্তিকো বেদনিন্দকঃ।
সংপ্রকীর্ণেন্দ্রিয়ো লোকে যঃ কামং নিরতশ্চরেৎ ॥৮॥
অসত্যো লোকবিদ্বিষ্টঃ সময়ে চানবস্থিতঃ।
পিশুনোঽথাকৃতপ্রজ্ঞো মৎসরী পাপনিশ্চয়ঃ ॥৯॥
দুঃশীলোঽথাকৃতাত্মা চ নৃশংসঃ কিতবস্তথা।
মিত্রৈরপকৃতির্নিত্যমিচ্ছতেঽর্থং পরস্য যঃ ॥১০॥
দদতশ্চ যথাশক্তি যো ন তুষ্যতি মন্দধীঃ।
অধৈর্য্যমপি যো যুঙ্‌ক্তে সদা মিত্রং নরর্ষভ! ॥১১॥
অস্থানক্রোধনোঽযুক্তো যশ্চাকস্মাদ্বিরুধ্যতে।
সুহৃদশ্চৈব কল্যাণানাশু ত্যজতি কিল্বিষী ॥১২॥
অল্পেঽপ্যপকৃতে মূঢ়স্তথাজ্ঞানাৎ কৃতেঽপি চ।
কার্য্যসেবী চ মিত্রেষু মিত্রদ্বেষী নরাধিপ! ॥১৩॥

ভাবতকৌমুদী

একাদশভিঃ শ্লোকৈঃ কুলকেনাসঙ্গেয়ানাহ লুব্ধ ইতি। ত্যক্তধর্ম্মা স্বধর্ম্মত্যাগী, নিকৃতি-ধূর্ত্তঃ। ক্ষুদ্রো নীচাশয়ঃ, সর্ব্বশঙ্কী সর্ব্বত্রাবিশ্বাসী। দীর্ঘসূত্রশ্চিরেণ কার্য্যকারী, অনৃজুঃ কুটিল-স্বভাবঃ, ক্রুষ্টো লোকনিন্দিতঃ, গুরুদারপ্রধর্ষকো গুরুভার্য্যাগামী। যো ব্যসনে বিপদি বন্ধূনাং পরিত্যাগী, দুরাত্মা দুষ্টচিত্তঃ, নিরপত্রপো নির্লজ্জঃ যো লোকে জনসমাজে সংপ্রকীর্ণানি বিক্ষিপ্তানি ইন্দ্রিয়াণি যেন স তাদৃশঃ সন্ অসৎকর্ম্মণি নিরত এব কামং যথেষ্টং চরেৎ। সময়ে কার্য্যকালে।

নরনাথ! লোভী, ক্রূরস্বভাব, স্বধর্ম্মত্যাগী, ধূর্ত্ত, শঠ, নীচাশয়, পাপাচারী, সর্ব্বত্র আশঙ্কাকারী, অলস, দীর্ঘসূত্রী, কুটিলপ্রকৃতি, লোকনিন্দিত, গুরুভার্য্যাগামী, যে লোক বিপদে বন্ধুজনকে পরিত্যাগ করে, দুষ্টচিত্ত, নির্লজ্জ, সর্ব্বত্র পাপদর্শী, নাস্তিক, বেদনিন্দাকারী, যে লোক জনসমাজে ইন্দ্রিয় পরিচালনা করিতে থাকিয়া অসৎ কর্ম্মে নিরত হইয়া ইচ্ছানুসারে বিচরণ করে, মিথ্যাবাদী, লোকবিদ্বিষ্ট, কার্য্য-কালে অনবস্থিত, খল, অশিক্ষিত বুদ্ধি, অন্যশুভদ্বেষী, নিশ্চিতভাবে পাপকারী, দুশ্চরিত্র, অশিক্ষিত চিত্ত, নৃশংস, প্রতারক, মিত্রদ্বারা পরের অপকারী, যে লোক সর্ব্বদা পরদ্রব্য লইতে ইচ্ছা করে, কোন লোক শক্তি অনুসারে কোন দ্রব্য দান করিয়াছে তাহাতে যে অল্পবুদ্ধি লোক সন্তুষ্ট হয় না, যে লোক সর্ব্বদা মিত্রকেও বিচলিত করে, যে মানুষ অস্থানে ক্রোধ করে, কার্য্যমাত্রেই অনবহিত থাকে,

শত্রুর্ম্মিত্রমুখো যশ্চ জিহ্মপ্রেক্ষী বিলোচনঃ।
ন বিরজ্যতি কল্যাণে যস্ত্যজেত্তাদৃশং নরম্ ॥১৪॥
পানপো দ্বেষণঃ ক্রোধী নির্ঘৃণঃ পুরুষস্তথা।
পরোপতাপী মিত্রধ্রুক্ তথা প্রাণিবধে রতঃ ॥১৫॥
কৃতঘ্নশ্চাধমো লোকে ন সন্ধেয়ঃ কদাচন।
ছিদ্রান্বেষী হ্যসন্ধেয়ঃ সন্ধেয়ানপি মে শৃণু ॥১৬॥ (কুলকম্)
কুলীনা বাক্যসম্পন্না জ্ঞানবিজ্ঞানকোবিদাঃ।
রূপবন্তো গুণোপেতাস্তথালুব্ধা জিতশ্রমাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

পিশুনঃ খলঃ, অকৃতপ্রজ্ঞঃ অশিক্ষিতবুদ্ধিঃ, মৎসরী অন্যশুভদ্বেষী, পাপে নিশ্চয়ঃ কর্ত্তব্যতানির্ণয়ো যস্য সঃ। অকৃতাত্মা অশিক্ষিতচিত্তঃ, কিতবশ্ছলকারী। মিত্রৈঃ কর্বণৈঃ অপকৃতিঃ পরাপকারো যস্মাৎ সঃ, যশ্চ নিত্যং পরস্বার্থম্ ইচ্ছতে গ্রহীতুমিচ্ছতি। যঃ সদা মিত্রমপি প্রাপ্য তত্র অধৈর্য্যমেব যুঙ্‌ক্তে যোজয়তি। অযুক্তঃ কার্য্যমাত্র এবানবহিতঃ। কল্যাণান্ কল্যাণকরানপি, সুহৃদো মিত্রাণি ত্যজতি। যো মূঢ়ঃ মিত্রৈঃ অল্পেঽপি অপকৃতে তথা অজ্ঞানাৎ অপকারে কৃতেঽপি চ তেষু মিত্রেষু কার্য্যসেবী বিরুদ্ধকার্য্যকারী ভবতি। মিত্রস্যেব মুখং যস্য সঃ। জিহ্মপ্রেক্ষী কুটিলদর্শী, বিলোচনো বিকৃতদৃষ্টিঃ যঃ কল্যাণে কর্ত্তব্যে ন বিরজ্যতি তাদৃশং নরং যস্ত্যজেৎ। পানপঃ সুরাপায়ী, নির্ঘৃণো নির্দ্দয়ঃ, ন সন্ধেয়ো ন মিত্রীকর্ত্তব্যঃ ॥৬—১৬॥

ভারতভাবদীপঃ

॥৩—৪॥ সন্ধেয়ান্ মিত্রীকর্ত্তুং যোগ্যান্ ॥৫॥ অপসোঽহৃদ্‌রোগী ॥৬॥ দীর্ঘসূত্রশ্চিরকারী, ক্রুষ্টো লোকনিন্দিতঃ ॥৭—১১॥ অযুক্তোঽনবহিতঃ ॥১২॥ অজ্ঞানাৎ কৃতেঽপকৃতে কার্য্যার্থমেব সেবতে

অকস্মাৎ বিরোধী হয়, আর যে পাপী, মঙ্গলকারী মিত্রদিগকেও হঠাৎ পরিত্যাগ করে, মিত্র অল্প অপকার করিলেও কিংবা অজ্ঞানবশতঃ অপকার করিলেও সেই মিত্রদের বিষয়ে যে মূঢ় মানুষ বিরুদ্ধ কার্য্য করে এবং স্বভাবতই মিত্রের উপরে বিদ্বেষ করে, যে লোক মুখে মিত্র, অন্তরে শত্রু, যে লোক কুটিলভাবে দৃষ্টিপাত করে, যে লোক স্বভাবতই বিকৃতদৃষ্টি, কেহ মঙ্গল করিতে বিরক্ত হয় না, তথাপি তাদৃশ লোককে যে লোক ত্যাগ করে, যে মানুষ সুরাপায়ী, বিদ্বেষী, ক্রোধী, নির্দ্দয়, পরোপতাপী, মিত্রদ্রোহী, প্রাণিবধে নিরত, কৃতঘ্ন, অধম ও ছিদ্রান্বেষী—এই সকল লোকের সহিত কখনও মিত্রতা করিবে না। নরশ্রেষ্ঠ। এখন আমার নিকট মিত্র করিবার যোগ্য লোকদিগের নামও শ্রবণ কর—॥৬—১৬॥

(১৪) যঃ কুর্য্যাত্তাদৃশং নরম্—বঙ্গ।
(১৫) নির্ঘৃণঃ পরুষস্তথা—বঙ্গ।

সন্মিত্রাশ্চ কৃতজ্ঞাশ্চ সর্বজ্ঞা লোভবর্জ্জিতাঃ।
মাধুর্য্যগুণসম্পন্নাঃ সত্যসন্ধা জিতেন্দ্রিয়াঃ ॥১৮॥
ব্যায়ামশীলাঃ সততং কুলপুত্রাঃ কুলোদ্বহাঃ।
দোষৈর্ব্বিযুক্তাঃ প্রথিতাস্তে গ্রাহ্যাঃ পার্থিবৈর্নরাঃ ॥১৯॥ (বিশেষকম্)
যথাশক্তি সমাচারাঃ সংপ্রতুষ্যন্তি হি প্রভো।।
নাস্থানে ক্রোধবন্তশ্চ ন চাকস্মাদ্বিরাগিণঃ ॥২০॥
বিরক্তাশ্চ ন দূষ্যন্তি মনসাপ্যর্থকোবিদাঃ।
আত্মানং পীড়য়িত্বাপি সুহৃৎকার্য্যপরায়ণাঃ ॥২১॥
বিরজ্যন্তি ন মিত্রেভ্যো বাসো রক্তমিবাবিকম্।
ক্রোধাচ্চ লোভমোহাভ্যাং নানর্থে যুবতীষু চ ॥২২॥
ন দর্শয়ন্তি সুহৃদো বিশ্বস্তা ধর্ম্মবৎসলাঃ।
লোষ্টকাঞ্চনতুল্যার্থাঃ সুহৃৎসু দৃঢ়বুদ্ধয়ঃ ॥২৩॥
যে চরন্ত্যভিমানানি নিসৃষ্টাত্মবিভূষণাঃ।
সংগৃহ্ণন্তঃ পরিজনং স্বাম্যর্থপরমাঃ সদা ॥২৪॥
ঈদৃশৈঃ পুরুষশ্রেষ্ঠৈর্যঃ সন্ধিং কুরুতে নৃপঃ।
তস্য বিস্তীর্য্যতে রাজ্যং জ্যোৎস্না গ্রহপতেরিব ॥২৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

কুলীনা ইতি। বাক্যসম্পন্না বাক্পটবঃ, জ্ঞানবিজ্ঞানয়োঃ কোবিদা নিপুণাঃ, "মোক্ষে ধীর্জ্ঞান-মন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োঃ" ইত্যমরঃ। লুব্ধা ধর্ম্মেষু। সন্তি মিত্রাণি যেষাং তে সন্মিত্রাঃ। সত্য-সন্ধাঃ সত্যপ্রতিজ্ঞাঃ। ব্যায়ামশীলাঃ কার্য্যেষু পরিশ্রমকারিণঃ, কুলপুত্রাঃ স্ববংশজাঃ। এতেন দত্তকাদিব্যাবৃত্তিঃ। কুলোদ্বহা বংশরক্ষকাঃ। এতেন চ অপুত্রকাদিনিরাসঃ। দোষৈর্ব্বিযুক্তা মিথ্যাবাদাদিরহিতাঃ, প্রথিতা গুণবত্তয়া লোকপ্রসিদ্ধাঃ ॥১৭—১৯॥

ভারতভাবদীপঃ

ন তু ধর্ম্মার্থমিতি কার্য্যসেবী ॥১৩॥ বিলোচনো বিপরীতদৃষ্টিঃ ॥১৪—২০॥ মিবাবিকং মেষকম্বলঃ ॥২১॥ অনর্থে নির্ধনে ক্রোধাদ্বিরাগং ন দর্শয়ন্তি যুবতীষু চ লোভমোহাভ্যাং বিরাগং ন দর্শয়ন্তীতি

কুলীন, বাক্পটু, জ্ঞান ও বিজ্ঞানে নিপুণ, রূপবান্, গুণবান্, ধর্ম্মলোভী, পরিশ্রম-সহ, মিত্রশালী, কৃতজ্ঞ, বহুবিষয়জ্ঞ, লোভশূন্য, মাধুর্য্যগুণসম্পন্ন, সত্যপ্রতিজ্ঞ, জিতেন্দ্রিয়, সর্ব্বদা ব্যায়ামশীল, স্ববংশজাত, বংশরক্ষক, দোষবিহীন ও লোকপ্রসিদ্ধ মানুষদিগকেই রাজারা গ্রহণ করিবেন ॥১৭—১৯॥

---

(২৪)…যে চরন্ত্যনভিমানা। নিসৃষ্টার্থবিভূষণাঃ—নি। সৃষ্টার্থমনুসঙ্গিনঃ—বঙ্গ।

শস্ত্রনিত্যা জিতক্রোধা বলবন্তো রণে সদা।
জন্মশীলগুণোপেতাঃ সন্ধেয়াঃ পুরুষোত্তমাঃ ॥২৬॥

ভাবতকৌমুদী

যথেতি। যথাশক্তিসমাচাবাঃ শক্ত্যনুসাবেণ কার্য্যকাবিণঃ সংপ্রতুষ্যন্তি সর্ব্বদৈব। কুতোঽপি কাবণাৎ বিবক্তা অপি মনসাপি ন দুষ্যন্তি সুহৃদো নাপকুর্ব্বন্তি, অর্থকোবিদাঃ কার্য্যজ্ঞাঃ। বক্তং কুঙ্কুমাদিবঞ্জিতম্, আবিকং মেষলোমনির্ম্মিতং বাসো বস্ত্রমিব, মিত্রেভ্যো ন বিবজ্যন্তি ন বিকৃতরাগং ভবতি নাপবজ্যন্তি চ, অনর্থে অনিষ্টে যুবতীষু চ ন বজ্যন্তীতি শেষঃ; যে চাত্মনো বিবাগং সুহৃদো ন দর্শয়ন্তি। লোষ্টকাঞ্চনে তুল্যার্থে তুল্যমূল্যে যেষু তে দৃঢা বুদ্ধির্হিতবুদ্ধির্যেষাং তে। অভিমানানি স্বামিগর্ব্বান্ চবন্তি কুর্ব্বন্তি, নিস্পৃষ্টানি বিলাসত্যাগার্থমেব ত্যক্তানি আত্মনো বিভূষণানি যৈস্তে, সংগৃহ্নন্তঃ পোষণেন বঞ্জয়ন্তঃ, স্বাম্যর্থেষু পবমা অভিনিবিষ্টাঃ। সন্ধিং মৈত্রীম্, জ্যোৎস্না শুক্লপক্ষীয়া, গ্রহপতেশ্চন্দ্রস্য ॥২০—২৫॥

শস্ত্রেতি। শস্ত্রমেব নিত্যং নিত্যব্যবহার্য্যং যেষাং তে। সন্ধেয়া মৈত্রীবন্ধনেন গ্রাহ্যাঃ ॥২৬॥

ভাবতভাবদীপঃ

যোজনা। বিবজ্যন্তীতি পূর্ব্বশ্লোকাদ্বিপবিণামেনানুষজ্যতে। "দোষাংশ্চ লোভমোহাদীনর্থেষু চ ইতি পাঠান্তবস্তু স্পষ্টার্থম্ ॥২২॥ অভিমানানি সর্ব্বতঃ প্রমাণানি শাস্ত্রাদীনি স্পৃষ্টার্থং প্রাবন্ধ-

রাজা। যাঁহাবা শক্তি অনুসাবে কার্য্য করেন, সর্ব্বদা সন্তুষ্ট থাকেন, অস্থানে ক্রোধ কবেন না, হঠাৎ বিবোধী হন না, কিংবা কোন কাবণে বিবক্ত হইযা মনে মনেও মিত্রের অপকার কবেন না, সমস্ত কার্য্য জানেন, নিজেব পীড়ন কবিযাও সুহৃদেব কার্য্য সম্পাদন কবিয়া থাকেন, কুঙ্কুমাদিবঞ্জিত মেষলোমনির্ম্মিত বস্ত্রেব বক্তিমা যেমন কোন কালেও বিকৃত হয় না, তেমন যাঁহাবা কখনও মিত্রেব উপবে বিবক্ত হন না, যাঁহাবা ক্রোধবশতঃ মিত্রেব অনিষ্টে কিংবা লোভ ও মোহবশতঃ মিত্রেব যুবতীব উপবে সংশ্লিষ্ট হন না, যাঁহাবা সুহৃৎকে নিজেব বিবাগ দেখান না, সর্ব্বদা বিশ্বস্ত ও ধর্ম্মবৎসল থাকেন, যাঁহাবা লোষ্ট্র ও স্বর্ণকে তুল্যমূল্য জ্ঞান কবেন, সুহৃদেব কার্য্য সম্পাদনে দৃঢচিত্ত থাকেন এবং যাঁহাবা প্রভুব গর্ব্ব কবেন, নিজেব অলঙ্কাব পবিত্যাগ কবিয়া থাকেন, ভবণপোষণ কবিযা পবিজনকে বাধ্য বাখেন ও সর্ব্বদাই স্বামীব কার্য্য সম্পাদনে অভিনিবিষ্ট থাকেন, যে বাজা এইরূপ পুরুষশ্রেষ্ঠগণেব সহিত মিত্রতা কবেন, শুক্লপক্ষে চন্দ্রেব জ্যোৎস্নাব ন্যায় তাঁহাব বাজ্য ক্রমে বিস্তাব লাভ কবে ॥২০—২৫॥

যাঁহাবা সর্ব্বদা অস্ত্র ব্যবহাব কবেন, ক্রোধকে দমন কবিতে সমর্থ হন ও যুদ্ধে বল প্রকাশ কবিতে পাবেন এবং সদ্বংশজাত, সচ্চবিত্র ও গুণবান্ হন, সেই পুরুষশ্রেষ্ঠগণেব সহিতই মিত্রতা কবা উচিত ॥২৬॥

যে চ দোষসমাযুক্তা নরাঃ প্রোক্তা ময়ানঘ ! ।
তেষামপ্যধমা রাজন্ ! কৃতঘ্না মিত্রঘাতকাঃ ।
ত্যক্তব্যাস্তু দুরাচারাঃ সর্ব্বেষামিতি নিশ্চয়ঃ ॥২৭॥

যুধিষ্ঠির উবাচ ।

বিস্তরেণাথ সম্বন্ধং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ।
মিত্রদ্রোহী কৃতঘ্নশ্চ যঃ প্রোক্তস্তদ্বদস্ব মে ॥২৮॥

ভীষ্ম উবাচ ।

হন্ত তে বর্ত্তয়িষ্যেঽহমিতিহাসং পুরাতনম্ ।
উদীচ্যাং দিশি যদ্বৃত্তং ম্লেচ্ছেষু মনুজাধিপ ! ॥২৯॥
ব্রাহ্মণো মধ্যদেশীয়ঃ কশ্চিদ্বৈ ব্রহ্মবর্জ্জিতঃ ।
গ্রামং বৃদ্ধিযুতং বীক্ষ্য প্রাবিশদ্ভৈক্ষ্যকাঙ্ক্ষয়া ॥৩০॥

ভারতকৌমুদী

য ইতি। প্রোক্তাঃ "লুব্ধঃ ক্রূরস্ত্যক্তধর্ম্মা" ইত্যাদিনা পূর্ব্বমভিহিতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

বিস্তরেণেতি ! সংবধ্যতে লোকমুখে সংযোজ্যতে যঃ স সম্বন্ধ ইতিহাসস্তম্ ॥২৮॥

হন্তেতি। বর্ত্তয়িষ্যে উপস্থাপয়িষ্যে। বৃত্তং জাতম্ ॥২৯॥

ব্রাহ্মণ ইতি। ব্রহ্মণা বেদেন বেদোক্তকার্য্যেণ চ বর্জ্জিতঃ। বৃদ্ধিযুতং ধনসমৃদ্ধিযুক্তম্ ॥৩০॥

ভারতভাবদীপঃ

কর্ম্মপ্রাপিতং চার্থং চরন্তি অনুসরন্তি, অনুসঙ্গিনঃ আত্মমানরহিতাঃ ॥২৩—২৬॥ বৃতম্ উপকারং ঘ্নন্তি বাচাঽপলাপেন বা তে কৃতঘ্নাঃ ত এব উপকর্ত্তুর্নাশকরাঃ মিত্রদ্রুহঃ ॥২৭॥ সম্বন্ধং সংবধ্যতে

নিষ্পাপ রাজা ! আমি পূর্ব্বে যে সকল মানুষকে দোষী বলিয়াছি, তাহাদের মধ্যেও কৃতঘ্ন এবং মিত্রদ্রোহীরা অধম ; সুতরাং সকলের পক্ষেই সেই দুরাচারগণকে পরিত্যাগ করা উচিত, ইহা নিশ্চয়' ॥২৭॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ ! যাহাকে মিত্রদ্রোহী ও কৃতঘ্ন বলে, আমি তাহাদের ইতিহাস বিস্তরক্রমে ও যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি ; অতএব আপনি তাহা আমার নিকট বলুন' ॥২৮॥

ভীষ্ম বলিলেন—'নরনাথ ! উত্তরদিকে ম্লেচ্ছগণের মধ্যে যাহা ঘটিয়াছিল, আমি সেই প্রাচীন বৃত্তান্ত তোমার নিকট বলিতেছি ॥২৯॥

(২৭) · ইতঃ পরম্ 'ষট্ষষ্ঠ্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

(৩০) ব্রহ্মবর্জ্জিতম্—বর্দ্ধ।

তত্র দস্যুর্ধনযুতঃ সর্ব্ববর্ণবিশেষবিৎ।
ব্রহ্মণ্যঃ সত্যসন্ধশ্চ দানে চ নিরতোঽভবৎ ॥৩১॥
তস্য ক্ষয়মুপাগম্য ততো ভিক্ষামযাচত।
প্রতিশ্রয়ঞ্চ বাসার্থং ভিক্ষাঞ্চৈবাথ বার্ষিকীম্ ॥৩২॥
প্রাদাত্তস্মৈ স বিপ্রায় বস্ত্রঞ্চ সদশং নবম্।
নারীঞ্চাপি বয়োপেতাং ভর্ত্রা বিরহিতাং তথা ॥৩৩॥
এতৎ সম্প্রাপ্য হৃষ্টাত্মা দস্যোঃ সর্ব্বং দ্বিজস্তথা।
তস্মিন্ গৃহবরে রাজন্! তয়া রেমে স গৌতমঃ ॥৩৪॥
কুটুম্বার্থঞ্চ দাস্যাশ্চ সাহায্যঞ্চাপ্যথাকরোৎ।
তত্রাবসৎ স বর্ষাংশ্চ সমৃদ্ধে শবরালয়ে।
বাণবেধে পরং যত্নমকরোচ্চৈব গৌতমঃ ॥৩৫॥

ভাবতকৌমুদী

তত্রেতি। সর্ব্বেষাং বর্ণানাং ব্রাহ্মণাদীনাং বিশেষম্ উচ্চনীচতাং বেত্তীতি সঃ। ব্রহ্মণ্যো ব্রাহ্মণহিতৈষী, সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ ॥৩১॥

তস্যেতি। ক্ষয়ং গৃহম্, "নিবাপচযৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ। প্রতিশ্রয়ং ভবনম্ ॥৩২॥

প্রাদাদিতি। দশাভিঃ প্রান্তস্থিতসূত্রৈঃ সহেতি তৎ। বয়সা যৌবনেন উপেতাম্। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩৩॥

এতদিতি। তয়া নার্য্যা সহ, গৌতমো গৌতমগোত্রঃ ॥৩৪॥

মধ্যদেশীয় বেদবর্জ্জিত কোন ব্রাহ্মণ একটী গ্রামকে সমৃদ্ধিযুক্ত দেখিয়া ভিক্ষার আশায় তাহাতে প্রবেশ করিয়াছিলেন ॥৩০॥

সেই গ্রামে ধনবান্ এক দস্যু বাস করিত, সে ব্রাহ্মণপ্রভৃতি সমস্ত বর্ণের তারতম্য জানিত এবং ব্রাহ্মণের হিতৈষী, সত্যপ্রতিজ্ঞ ও দানে নিরত ছিল ॥৩১॥

ব্রাহ্মণ সেই দস্যুর গৃহে উপস্থিত হইয়া তাহার পর ভিক্ষা প্রার্থনা করিয়াছিলেন। তিনি বাসের জন্য একখানি গৃহ এবং বার্ষিক ভিক্ষা চাহিয়াছিলেন ॥৩২॥

তখন দস্যু সেই ব্রাহ্মণকে দশাযুক্ত নূতন একখানি বস্ত্র এবং পতিহীনা একটী যুবতী নারী দান করিয়াছিল ॥৩৩॥

রাজা! ব্রাহ্মণ দস্যুর নিকট এই সমস্ত লাভ করিয়া আনন্দিত হইলেন এবং সেই গৃহে থাকিয়া সেই রমণীর সহিত রমণ করিতে লাগিলেন ॥৩৪॥

(৩৩) প্রাদাত্তস্মৈ চ বিপ্রায়—বর্দ্ধ, বস্ত্রঞ্চ সদৃশং নবম্—বঙ্গ।

চক্রাঙ্গান্ স চ নিত্যং বৈ সর্ব্বতো বনগোচরান্।
জঘান গৌতমো রাজন্! যথা দস্যুগণস্তথা ॥৩৬॥
হিংসাপটুর্ঘৃণাহীনঃ সদা প্রাণিবধে রতঃ।
গৌতমঃ সন্নিকর্ষেণ দস্যুভিঃ সমতামিয়াৎ ॥৩৭॥
তথা তু বসতস্তস্য দস্যুগ্রামে সুখং তদা।
অগমন্ বহবো মাসা নিঘ্নতঃ পক্ষিণো বহূন্ ॥৩৮॥
ততঃ কদাচিদপরো দ্বিজস্তং দেশমাগতঃ।
জটাচীরাজিনধরঃ স্বাধ্যায়ঃ পরমঃ শুচিঃ।
বিনীতো নিয়তাহারো ব্রহ্মণ্যো বেদপারগঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

কুটুম্বার্থমিতি। কুটুম্বার্থং পরিজনার্থম্, দাস্যাস্তস্যা নার্য্যাঃ। বর্ষান্ বহূন্ বৎসরান্। বাণেন বেধে প্রাণিনাং বিদারণে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥

চক্রেতি। চক্রাঙ্গান্ হংসান্, বনগোচরান্ বনস্থান্ ॥৩৬॥

হিংসেতি। ঘৃণয়া দয়য়া হীনঃ। সন্নিকর্ষেণ সন্নিধানেন, ইয়াদগাৎ ॥৩৭॥

তথেতি। সুখং যথা স্যাত্তথা বসতঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

সজ্জতে, হাতুমুপাদাতুং বা শ্রুতমর্থং যেন তৎ ইতিহাসম্ ॥২৮—২৯॥ ব্রহ্ম বেদস্তদুক্তং কর্ম্ম চ তদ্বর্জ্জিতঃ ॥৩০—৩১॥ ক্ষয়ং গৃহম্ ॥৩২॥ বয়োপেতাং যুবতীম্। সন্ধিবার্থঃ। ভর্ত্রা বিবর্হিতাং দাসী-মিত্যর্থঃ ॥৩৩—৩৫॥ চক্রাঙ্গান্ হংসান্ ॥৩৬—৫২॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৩॥

দস্যু সেই ব্রাহ্মণের পরিজনগণ ও সেই দাসীর ভরণপোষণের জন্য সাহায্য করিতে লাগিল। এইভাবে সেই ব্রাহ্মণ সেই সমৃদ্ধ দস্যুভবনে বহু বৎসর বাস করিয়াছিলেন। তৎকালে তিনি বাণদ্বারা প্রাণিগণকে বিদারণ করিতে পরম যত্ন করিতেন ॥৩৫॥

রাজা! সেই ব্রাহ্মণ প্রত্যহ দস্যুগণের ন্যায় সমস্ত দিকের বনস্থিত হংসগণকে বিনাশ করিতেন ॥৩৬॥

ক্রমে সেই ব্রাহ্মণ হিংসানিপুণ, দয়াশূন্য এবং সর্ব্বদা প্রাণিবধে নিরত হইয়া উঠিলেন। কারণ, তিনি দস্যুগণের সন্নিধানবশতঃ তাহাদের তুল্যই হইয়া গিয়াছিলেন ॥৩৭॥

সেই ব্রাহ্মণ বহুতর পক্ষী বধ করিতে থাকিয়া সেই দস্যুগ্রামে সুখে বাস করিতে লাগিলেন। এই অবস্থায় তাঁহার বহুমাস অতীত হইল ॥৩৮॥

স ব্রহ্মচারী তদ্দেশ্যঃ সখা তস্যৈব সুপ্রিয়ঃ।
তং দস্যুগ্রামমগমদ্‌যত্রাসৌ গৌতমোঽবসৎ ॥৪০॥
স তু বিপ্রগৃহান্বেষী শূদ্রান্নপরিবর্জ্জকঃ।
গ্রামে দস্যুসমাকীর্ণে ব্যচরৎ সর্ব্বতো দিশম্ ॥৪১॥
ততঃ স গৌতমগৃহং প্রবিবেশ দ্বিজোত্তমঃ।
গৌতমশ্চাপি সম্প্রাপ্তস্তাবন্যোন্যেন সঙ্গতৌ ॥৪২॥
চক্রাঙ্গভারস্কন্ধং তং ধনুষ্পাণিং ধৃতায়ুধম্।
রুধিরেণাবসিক্তাঙ্গং গৃহদ্বারমুপাগতম্ ॥৪৩॥
তং দৃষ্ট্বা পুরুষাদাভমপধ্বস্তং ক্ষয়াগতম্।
অভিজ্ঞায় দ্বিজো রাজন্নিদং বাক্যমথাব্রবীৎ ॥৪৪॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। দ্বিজো ব্রাহ্মণঃ। স্বাধ্যাযো বেদপাঠ এব পবমঃ প্রধানো যস্য সঃ। ব্রহ্মণ্যো বেদহিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

স ইতি। তদ্দেশ্যস্তদেকদেশবাসী ॥৪০॥

স ইতি। শূদ্রান্নপাবিবর্জ্জকঃ, অতএব ভোজনার্থং বিপ্রগৃহান্বেষী সন্ ॥৪১॥

তত ইতি। তৌ গৌতমাগতদ্বিজৌ, সঙ্গতৌ মিলিতৌ ॥৪২॥

চক্রেতি। চক্রাঙ্গাণাং নিহতহংসানাং ভাবঃ স্কন্ধে যস্য তম্। পুরুষান্ অত্তি খাদতীতি পুরুষাদো রাক্ষসস্তদাভম্, অপধ্বস্তং পতিতম্, ক্ষযাগতং গৃহাগতম্ ॥৪৩—৪৪॥

তাহাব পব কোনও সমযে জটা, কৌপীন ও মৃগচর্ম্ম ধাবী, বেদপাঠনিরত, পবিত্র, বিনীতস্বভাব, সংযতাহাব, বেদহিতৈষী ও বেদপাবদর্শী অন্য এক ব্রাহ্মণ সেই দেশে আগমন কবিলেন ॥৩৯॥

সেই গৌতম যে গ্রামে বাস কবিতেছিলেন, ব্রহ্মচাবী, তদ্দেশীয় এবং তাঁহারই অত্যন্ত প্রিয়সখা সেই ব্রাহ্মণও সেই দস্যুগ্রামে যাইয়া উপস্থিত হইলেন ॥৪০॥

সেই বেদবিদ্ ব্রাহ্মণ শূদ্রান্ন ভোজন কবিবেন না বলিযা ব্রাহ্মণের গৃহ অন্বেষণ কবিতে থাকিয়া সেই দস্যুপূর্ণ গ্রামে সকল দিকে বিচবণ কবিতে লাগিলেন ॥৪১॥

তাহাব পব সেই আগন্তুক ব্রাহ্মণ গৌতমেব গৃহে প্রবেশ করিলেন; গৌতমও সেই সময়েই আগমন কবিলেন; সুতবাং সেখানে তাঁহারা পরস্পব মিলিত হইলেন ॥৪২॥

কিমিদং কুরুষে মোহাদ্বিপ্রস্ত্বং হি কুলোদ্বহঃ।
মধ্যদেশপরিজ্ঞাতো দস্যুভাবং গতঃ কথম্ ॥৪৫॥
পূর্ব্বান্ স্মর দ্বিজ! জ্ঞাতীন্ প্রখ্যাতান্ বেদপারগান্।
তেষাং বংশেঽভিজাতস্ত্বমীদৃশঃ কুলপাংসনঃ ॥৪৬॥
অববুধ্যাত্মনাত্মানং সত্ত্বং শীলং শ্রুতং দমম্।
অনুক্রোশঞ্চ সংস্মৃত্য ত্যজ বাসমিমং দ্বিজ! ॥৪৭॥
এবমুক্তঃ স সুহৃদা তেন তত্র হিতৈষিণা।
প্রত্যুবাচ ততো রাজন্! বিনিশ্চিত্য তদার্ত্তবৎ ॥৪৮॥
নির্দ্ধনোঽস্মি দ্বিজশ্রেষ্ঠ! নাপি বেদবিদপ্যহম্।
বিত্তার্থমিহ সম্প্রাপ্তং বিদ্ধি মাং দ্বিজসত্তম! ॥৪৯॥

ভারতকৌমুদী

কিমিতি। কুলোদ্বহো ব্রাহ্মণবংশবক্ষকঃ। মধ্যদেশে নিজজন্মদেশে, পবিজ্ঞাতঃ সর্ব্বৈঃ পবিচিতঃ ॥৪৫॥

পূর্ব্বানিতি। কুলপাংসনো কংশাধমো জাতঃ ॥৪৬॥

অবেতি। সত্ত্বং গুণম্, শীলং স্বভাবম্, শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, দমমিন্দ্রিয়দমনম্, অনুক্রোশং দয়াম্ ॥৪৭॥

এবমিতি। বিনিশ্চিত্য নিজাবস্থাম্, আর্ত্তবৎ পীড়িত ইব ॥৪৮॥

তৎকালে গৌতমেব স্কন্ধে কতকগুলি নিহত হংস, বামহস্তে ধনু, দক্ষিণহস্তে বাণ এবং সমস্ত অঙ্গ বক্তে নিষিক্ত ছিল; সুতরাং তাঁহাকে একটা রাক্ষসের ন্যায় দেখা যাইতেছিল; এই অবস্থায় তিনি প্রথমে গৃহদ্বাবে আসিয়া পরে গৃহে প্রবেশ করিলেন। আগন্তুক ব্রাহ্মণ সেই অবস্থায় তাঁহাকে দেখিয়া তিনি অধঃপাতে গিয়াছেন জানিয়া এই কথা বলিলেন—॥৪৩—৪৪॥

'তুমি মোহবশতঃ এটা কি করিতেছ? তুমি যে বংশরক্ষক ব্রাহ্মণ এবং মধ্যদেশে সকলেবই পরিচিত; এখানে দস্যু হইলে কি করিয়া? ॥৪৫॥

ব্রাহ্মণ! বেদপাবদর্শী বলিয়া বিখ্যাত তোমার পূর্ব্বপুরুষগণকে স্মবণ কর, তুমি তাঁহাদেব বংশে জন্মিয়া এইরূপ কুলাঙ্গাব হইয়া গিয়াছ? ॥৪৬॥

ব্রাহ্মণ! তুমি নিজেই নিজেকে বুঝিয়া লও এবং সত্ত্বগুণ, চবিত্র, শাস্ত্রজ্ঞান, ইন্দ্রিয়দমন ও দয়া স্মবণ কবিয়া এই কুস্থানে বাস পরিত্যাগ কব' ॥৪৭॥

রাজা! সেই হিতৈষী বন্ধু এইরূপ বলিলে, গৌতম তখন স্থিবভাবে নিজেব অবস্থা বুঝিয়া পীড়িতেব ন্যায় হইয়া প্রত্যুত্তব কবিলেন—॥৪৮॥

ত্বদ্দর্শনাত্তু বিপ্রেন্দ্র ! কৃতার্থোঽস্ম্যদ্য বৈ দ্বিজ ! ।
আবাং হি সহ যাস্যাবঃ শ্বো বসস্বাদ্য শর্ব্বরীম্ ॥৫০॥
স তত্র ন্যবসদ্বিপ্রো ঘৃণী কিঞ্চিদসংস্পৃশন্ ।
ক্ষুধিতশ্ছন্দ্যমানোঽপি ভোজনং নাভ্যনন্দত ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কৃতঘ্নোপাখ্যানে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ।

ভীষ্ম উবাচ ।

তস্যাং নিশায়াং ব্যুষ্টায়াং গতে তস্মিন্ দ্বিজোত্তমে ।
নিষ্ক্রম্য গৌতমোঽগচ্ছৎ সমুদ্রং প্রতি ভারত ! ॥১॥

ভারতকৌমুদী

নির্ধন ইতি। বিত্তার্থং ধনার্থম্, ইহ দস্যুপূর্ণগ্রামে সম্প্রাপ্তমাগতম্ ॥৪৯॥

ত্বদিতি। শ্বঃ পরদিনে, শর্ব্বরীং রাত্রিম্। অত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥৫০॥

স ইতি। ঘৃণী পতিতব্রাহ্মণান্নং প্রতি কুৎসাকারী, কিঞ্চিদন্নাদিকম্। ছন্দ্যমানোঽপি ভোজনার্থমনুরুধ্যমানোঽপি ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

তস্যামিতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম্। নিষ্ক্রম্য স্বগৃহান্নির্গত্য ॥১॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি ধনহীন, বেদবিৎও নহি, সুতরাং ধনের জন্যই এই স্থানে আসিয়াছি, অবগত হউন ॥৪৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি আজ আপনার দর্শন লাভ করিয়া কৃতার্থ হইয়াছি। আমরা আগামী কল্য এক সঙ্গে এস্থান হইতে যাইব, আপনি আজ এখানে এই রাত্রি বাস করুন' ॥৫০॥

আগন্তুক ব্রাহ্মণ সেই রাত্রি সেখানে বাস করিলেন বটে, কিন্তু ঘৃণাবশতঃ কোন বস্তুই স্পর্শ করিলেন না এবং ক্ষুধা হইয়াছিল, আর গৌতমও ভোজনের জন্য অনুরোধ করিতেছিলেন, কিন্তু তিনি ভোজন করা ভাল মনে করিলেন না' ॥৫১॥

* 'অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '. একোনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

সামুদ্রিকান্ স বণিজস্ততোঽপশ্যৎ স্থিতান্ পথি।
স তেন সহ সার্থেন প্রযযৌ সাগরং প্রতি ॥২॥
স তু সার্থো মহান্ রাজন্! কস্মিংশ্চিদ্গিরিগহ্বরে।
মত্তেন দ্বিরদেনাথ নিহতঃ প্রায়শোঽভবৎ ॥৩॥
স কথঞ্চিদ্ভয়াত্তস্মাদ্বিমুক্তো ব্রাহ্মণস্তদা।
কাং দিগ্‌ভূতো জীবিতার্থী প্রদুদ্রাবোত্তরাং দিশম্ ॥৪॥
স তু সার্থপরিভ্রষ্টস্তস্মাদ্দেশাত্তথাচ্যুতঃ।
একাকী ব্যচরত্তত্র বনে কিংপুরুষো যথা ॥৫॥
স পন্থানমথাসাদ্য সমুদ্রাভিসরং তদা।
আসসাদ বনং রম্যং দিব্যং পুষ্পিতপাদপম্ ॥৬॥

ভারতকৌমুদী

সামুদ্রিকানিতি। সমানঃ অর্থঃ প্রয়োজনং বাণিজ্যরূপং যস্য স তেন বণিক্‌সমূহেনেত্যর্থঃ ॥২॥

স ইতি। গিবিগহ্ববে পর্ব্বতগুহায়াম্। দ্বিবদেন হস্তিনা ॥৩॥

স ইতি। কাং দিশং গচ্ছামীতি চিন্তান্বিতঃ কাং দিগ্‌ভূতঃ। পৃষোদবাদিত্বান্নিপাতঃ। প্রদুদ্রাব দ্রুতং জগাম ॥৪॥

স ইতি। সার্থাৎ বণিক্‌সমূহাৎ পবিভ্রষ্টঃ। চ্যুতো বিশ্লিষ্টঃ ॥৫॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! সেই বাত্রি প্রভাত হইলে এবং সেই ব্রাহ্মণ-শ্রেষ্ঠ সেস্থান হইতে প্রস্থান কবিলে, গৌতম আপন গৃহ হইতে নির্গত হইয়া সমুদ্রের দিকে গমন করিতে লাগিলেন ॥১॥

তাহাব পব গৌতম সমুদ্রগামী বণিক্‌দিগকে পথে অবস্থান করিতে দেখিলেন। তৎপবে তিনি সেই বণিক্‌গণেব সহিত মিলিত হইয়া সমুদ্রের দিকে যাইতে লাগিলেন ॥২॥

রাজা! ক্রমে সেই বিশাল বণিক্‌সমূহ কোনও পর্ব্বতগুহায় যাইয়া বিশ্রাম করিতেছিল, এমন সময়ে একটা মত্ত হস্তী আসিয়া তাহাদেব প্রায় সকলকেই বিনাশ করিল ॥৩॥

পরে সেই ব্রাহ্মণ কোনপ্রকাবে সেই ভয় হইতে মুক্ত হইয়া 'এখন কোন্ দিকে যাইব' ইহা ভাবিয়া জীবনরক্ষার্থী হইয়া বেগে উত্তরদিকে গমন কবিতে লাগিলেন ॥৪॥

ক্রমে ব্রাহ্মণ বণিক্‌গণ হইতে বিভ্রষ্ট এবং সেই স্থান হইতে বিশ্লিষ্ট হইয়া একাকী একটী কিন্নরেব ন্যায় তত্রত্য বনমধ্যে বিচবণ করিতে লাগিলেন ॥৫॥

(৬)·· অপন্থানমথাসাদ্য—নি।

সর্ব্বর্ত্তুকৈরাম্রবণৈঃ পুষ্পিতৈরুপশোভিতম্।
নন্দনোদ্দেশসদৃশং যক্ষকিন্নরসেবিতম্ ॥৭॥
শালৈস্তালৈস্তমালৈশ্চ কালাগুরুবনৈস্তথা।
চন্দনস্য চ মুখ্যস্য পাদপৈরুপশোভিতম্ ॥৮॥ (বিশেষকম্)
গিরেঃ প্রস্থেষু রম্যেষু তেষু তেষু সুগন্ধিষু।
সমন্ততো দ্বিজশ্রেষ্ঠাস্তত্রাকূজন্ত বৈ তদা ॥৯॥
মনুষ্যবদনাশ্চান্যে ভারুণ্ডা ইতি বিশ্রুতাঃ।
ভূলিঙ্গশকুনাশ্চান্যে সামুদ্রাঃ পর্ব্বতোদ্ভবাঃ ॥১০॥
স তান্যতিমনোজ্ঞানি বিহঙ্গানাং রুতানি বৈ।
শৃণ্বন্ সুরমণীয়ানি বিপ্রোঽগচ্ছত গৌতমঃ ॥১১॥
ততোঽপশ্যৎ সুরম্যে বৈ সুবর্ণসিকতাচিতে।
দেশে সমে সুখে চিত্রে স্বর্গোদ্দেশসমে নৃপ। ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। সমুদ্রমভিসবতি অভিগচ্ছতীতি তম্। সর্ব্বর্ত্তুকৈঃ সর্ব্বেষু ঋতুষু ফলান্বিতৈঃ। নন্দনোদ্দেশসদৃশং নন্দনকাননতুল্যম্। মুখ্যস্য উত্তমস্য ॥৬—৮॥

গিরেরিতি। প্রস্থেষু সানুষু। দ্বিজশ্রেষ্ঠাঃ পক্ষিশ্রেষ্ঠাঃ ॥৯॥

মনুষ্যেতি। মনুষ্যাণামিব বদনানি যেষাং তে। ভূলিঙ্গশকুনা ভূলিঙ্গনামানঃ পক্ষিণঃ, অকূজন্ত ইত্যনুবৃত্তিঃ ॥১০॥

স ইতি। অতিমনোজ্ঞানি অতিশয়েন চিত্তাকর্ষকাণি। সুরমণীয়ানি অতিমধুরাণি ॥১১॥

তখন গৌতম সমুদ্রগামী একটী পথ ধরিয়া যাইতে যাইতে ক্রমে একটী অলৌকিক মনোহর বনে উপস্থিত হইলেন। সে বনটী নন্দনবনের তুল্য ছিল এবং সেখানে যক্ষগণ ও কিন্নরগণ বিচরণ করিত, আর বহুতর পুষ্পিত বৃক্ষ, সমস্ত ঋতুতেই ফলপুষ্পান্বিত আম্রবন, শাল, তাল, তমাল, কালাগুরু ও উত্তম চন্দনবৃক্ষ সকল শোভা জন্মাইতেছিল ॥৬—৮॥

তৎকালে মনোহর ও সৌরভময় পার্ব্বত্য সমতলভূমিতে সকল দিকে পক্ষিশ্রেষ্ঠ-গণ রব করিতেছিল ॥৯॥

আর সেস্থানে ভারুণ্ড নামক সামুদ্রিক পক্ষীরাও বাস করিতেছিল, তাহাদের মুখ মনুষ্যের ন্যায় দেখা যাইতেছিল এবং ভূলিঙ্গনামক অপর পার্ব্বত্যপক্ষিগণও রব করিতে থাকিয়া বিচরণ করিতেছিল ॥১০॥

শ্রিয়া জুষ্টং মহাবৃক্ষং ন্যগ্রোধঞ্চ সুমণ্ডলম্ ।
শাখাভিরনুরূপাভির্ভূয়িষ্ঠচ্ছত্রসন্নিভম্ ॥১৩॥ (যুগ্মকম্)
তস্য মূলঞ্চ সংসিক্তং বরচন্দনবারিণা ।
দিব্যপুষ্পান্বিতং শ্রীমৎ পিতামহসভোপমম্ ॥১৪॥
তং দৃষ্ট্বা গৌতমঃ প্রীতো মনঃকান্তমনুত্তমম্ ।
মেধ্যং সুরগৃহপ্রখ্যং পুষ্পিতৈঃ পাদপৈর্বৃতম্ ॥১৫॥
তমাসাদ্য মুদাযুক্তস্তস্যাধস্তাদুপাবিশৎ ।
তত্রাসীনস্য কৌন্তেয় ! গৌতমস্য সুখঃ শিবঃ ॥১৬॥
পুষ্পাণি সমুপস্পৃশ্য প্রববাবনিলঃ শুভঃ ।
হ্লাদয়ন্ সর্ব্বগাত্রাণি গৌতমস্য তদা নৃপ ! ॥১৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। সুবর্ণসিকতাভিঃ স্বর্ণবালুকাভিঃ, চিতে ব্যাপ্তে। শ্রিয়া জুষ্টং শোভান্বিতম্, ন্যগ্রোধং বটম্, সুমণ্ডলং সুন্দবগোলম্, ভূষিষ্ঠচ্ছত্রসন্নিভং বহুলাতপত্রতুল্যম্ ॥১২—১৩॥

